8.35 pm: Solo Songs: Leena Taposhi (Bangladesh)

9:00 pm "Chander Pey-A-La-Te"
Presented by Mr.Gholam Sohrab (NYC)

9.30 pm: Solo Songs by Featured Artist:
Niloofar Yasmin (Bangladesh)

10.00 pm Closing

Saturday, May 23 : MEETING ROOM

3:00 PM Seminar:
"Patra Patrikar Dristee -Te Uttar America-r Nazrul Sammelan"
Conducted by Liaquat Hussain Abu

Program Schedule: MAIN AUDITORIUM

Sunday,May 24,1998

10:00am Nazrul Conference Committee meeting, Holiday Inn Express lobby

2:00 pm: National Anthem

2:10 pm: Welcome Address: Mr.Yusuf Aly
Keynote Speaker: Dr.Gulshan Ara Kazi
Special Guest Speaker:Mr.Sayed-ur Rab
Special Guest Speaker:Dr.Nurun Nabi

2.45 pm: Seminar: Conducted by
Mr.Aminur Rashid Pintu

3.20 pm: Solo Songs: Ms.Smita Anis (Florida)

3.40 pm Poetry Recitation

3:50 pm Group Performance by
Bangladesh Cultural Academy, NYC

4.30 pm: Poetry session:"Rudhro Anuragi Nazrul"
Dr.Shahab Siddiqui, Mr.Shah Alam Khokon
Mr.Yusuf Aly, Mr.Mahbub
Rahman,Mr.Mohiuddin
Ms.Shefali Siddiqui.Conducted By Ms.Rita Aly.

4:50 pm: Solo Songs: Alleya Ishtiaque (Dallas, Texas)

5.10 pm Solo Songs: .Mahmood Billah (Houston, Texas)

5.30 pm Musical Program:"Jalsha Ghar"
Shubhrota Hussain, Risa Khan, Koly Haq and MohammadMohiuddin

5:50 pm Poetry Recitation

6.00 pm Solo Songs by .Seema Muhit

6.30 pm Group Performance: Bangladesh Institute of Performing Arts. (New York)

7.00 pm Poetry Recitation

7.10 pm Dance Performance by Aditi Cultural Group, Columbus, Ohio

7:30 pm Solo Songs: Geetanjali Talukdar

7:50 pm Solo Songs: Ronnie Prentice Roy
(Toronto, CANADA)

8:15 pm Group Performance: Mohona
"Sharba-Nasher Jhanda"
Conducted by Mohammad Mohiuddin

8.45 pm Introduction of All Volunteers

9:00 pm Solo Songs: Niloofar Yasmin (Bangladesh)

10:00 pm Closing

Poetry Recitation by :
Dr.Rezaul Karim, Dr.Maruf Rahman, Mr.Shafiqul Islam Papel, Ms.Rita Aly Mr.Mahbubul Haq.

Announcers:
Ms.Risa Khan, Ms. Koly Haq, Mr.Ehsanur Rashid, Ms.Ruma Hawkins,Ms.Shahnaz Akhter, Dr.Rezaul Karim, Ms.Mahbuba Sadiq,Mr.Mahbub Rahman & Ms.Ima Siraj.

North America Nazrul Conference

Established 1990

Chairperson: Seraj Quazi, 146 Hemenway St. Apt. 4, Boston, MA 02115 (617)-236-1540
Co-Chairpersons: Aminur Rashid Pintu, NJ (908)-370-4055; Musharoff Hossain, NJ ,
Ziauddin Ahmed, PA (610)-543-7018; Musharraf M. Hussein, DC
(301)-593-5405

The Mission and Policy of the North America Nazrul Conference Committee (NANCC) are:

MISSION:

The mission of the the NANCC is to explore, practice and promote the versatile talents of Poet Kazi Nazrul Islam, primarily through international conferences to be held every even year during the Memorial Day Weekend in the month of May. The goal is to generate international awareness of the imperative need to preserve this immense treasure, and to gain a wider recognition that he so rightfully deserves.

POLICY:

It is the policy of the NANCC to provide quality performance and product in support of our mission and to be responsive to the needs of Nazrul lovers. We pledge to undertake our responsibility seriously and assure to monitor our actions to strive for continuous improvement.

CRITERIA FOR SELECTION OF HOST ORGANIZATION:

- Recognize the NANCC and fully comply with it's policies
- Be a non-political and non-religious entity
- Submit a written intent and a brief proposal
- Should have relevant experience and organizational strength
- Should be capable to raise the required fund to meet expenses
- Be able to protect the interest and integrity of the conference
- Convenient location to cover populous geographical regions
- Submit general format to be followed in conducting the conference

ORGANIZATIONS INTERESTED TO HOST NAZRUL CONFERENCE ARE REQUESTED TO CONTACT ANY ONE OF THE CHAIRPERSONS

MEMBERS: Sultan Ahmed (703) 759-9821; Fahim Ahmed (910) 854-1725; Khondokar Alamgir (516) 623-1912; Kazi M. Belal & Gulshan Ara Kazi (617) 396-8266; Wadud Bhuiya (516) 358-7464; Mahmood Billah (281) 360-0285; Zafar Billah (908) 329-3265; Wahed Hossaini (703) 451-7942; Musaddeq Hussain (908) 329-0640; Tajul Imam (972) 492-5521; Moinuddin Munshi (215) 547-2614; Hasan Rahman (281) 996-8025; Shahab Siddiqui (770) 979-9768; Aulad Hossain (516) 735-7396; Mahmudul Hassan (503) 620-6980; Roquiya Haider (703) 671-4959.

নজরুল কী একজন আধুনিক কবি নন (?)

আমিনুর রশীদ পিন্টু

(১) "নদী সামনের দিকে সোজা চলে হটাৎ বাঁক ফেরে। সাহিত্যও তেমনি বরাবর সিধে চলে না। যখন সে বাঁক নেয় - তখন সেই বাঁকটিকেই বলতে হবে মর্ডান বাংলায় আধুনিক। এই আধুনিকতা সময় নিয়ে নয় - মর্জি নিয়ে।" (বিশ্বকবি রবীন্দ্রনাথ)

(২) "মধ্যযুগে শিল্পীরা যে কারণে ধর্মাশ্রয়ী বা লৌকিক জীবনাশ্রয়ী কবিতা লিখেছেন - সে কারণেই আধুনিক শিল্পীর আশ্রয় রাজনীতি। সমাজ জীবন যখন এলোমেলো, অসম্পূর্ণ এবং অস্পষ্ট - তখন তার সব থেকে জীবন্ত অংশটি শিল্পী মানসকে আকর্ষণ করে।" (কবি বিষ্ণু দে)

(৩) "এক হাজার বছরের বাংলা কবিতার শান্তশীল জ্যামিতি ভেঙেচুরে বেজে উঠল এক পাগল-প্রতিভাবান কণ্ঠস্বর।" (কবি আবদলু মান্নান সৈয়দ)

(৪) "সর্বহারা" কবিতগ্রন্থের "আমার কৈফিয়ত" কবিতায় কবি নজরুল লিখেছিলেন - "অমর কাব্য তোমরা লিখিও, বন্ধু, যাহারা আছ সুখে। নিজেকে ঘোষণা করেছিলেন 'বর্তমানের কবি' বলে। অনায়াসেই উচ্চারণ করেছিলেন :



Nazrul in his teens.

"পরোয়া করি না বাঁচি না বাঁচি যুগের হুজুগ কেটে গেলে,
মাথার উপর জ্বলিছেন রবি, রয়েছে সোনার ছেলে।
প্রার্থনা করো - যারা কেড়ে খায় তেত্রিশ কোটি মুখের গ্রাস
যেন লেখা হয় আমার রক্ত-লেখায় তাদের সর্বনাশ।"

প্রশ্ন হলো - বিদ্রোহী কবি, প্রেমের কবি এবং যুগস্রষ্টা কবি হিসেবে অভিহিত কাজী নজরুল ইসলাম - সত্যিকার অর্থে আধুনিক কবি কীনা? এটা প্রমান করার আগে আধুনিক কবিতার সংজ্ঞা-নির্দেশে যাওয়া যায়। বলা হয়েছে যে - (১) কালের দিক থেকে আধুনিক কবিতা প্রথম মহাযুদ্ধ পরবর্তি, (২) ভাবের দিক থেকে তা রবীন্দ্র-প্রভাব থেকে মুক্তিলাভের প্রয়াসী এবং (৩) সৃষ্টির দিক থেকে তা নবতম সুরের সাধক। (তথ্যনির্দেশ - আধুনিক বাংলা-কাব্য পরিচয়। ডঃ দীপ্তি ত্রিপাঠী / পৃ : ৩)

উপরোক্ত লক্ষণ অনুযায়ী নজরুল অবশ্যি আধুনিক কালের কবি। তাঁর শিল্প-সাধনার সময়কাল ১৯১৯ থেকে ১৯৪২ সাল পর্য্যন্ত। অর্থাৎ প্রথম মহাযুদ্ধ পরবর্তী সময়েই। বাংলা কবিতার সেই সময়টা দারুণ সৃজনশীল লগ্ন। এবং সেটাকে আলোকিত করে রেখেছেন বিশ্বকবি তথা প্রতিদিনের কবি রবীন্দ্রনাথ। কবি নজরুলও তাঁকে ভালোবাসতেন এবং শ্রদ্ধা করতেন। সম্বোধণ করতেন 'গুরুদেব' বলে। কিন্তু নজরুলের কাব্য-শৈলীতে এই গুরু-শিষ্যের সম্পর্ক কোন প্রভাব ফেলতে পারেনি। বিশ্বকবি যেখানে উপনিষদের বাণী অন্তরে ধারণ করে অনন্ত নিখিলের প্রেম-বেদনায় ভরপুর - ঠিক এই সময়ে কবি নজরুলের আবির্ভাব কবিতায় এক নতুন দিগ্ বলয় উন্মোচন ক,র। কথিত আছে কবি নজরুলের কণ্ঠে "বিদ্রোহী" কবিতাটি শুনে মুগ্ধ রবীন্দ্রনাথের মন্তব্য ছিল - "তুমি যে বিশ্ববিখ্যাত কবি হবে তাতে কোন সন্দেহ নেই।" (সময়কাল ৭ই জানু / ১৯২২ সাল)

আধুনিক কবিতার একজন অন্যতম কবি বুদ্ধদেব বসু তাঁর "কালের পুতুল" গ্রন্থে কবি নজরুল সম্বন্ধে অভিমত প্রকাশ করেন যে - "বিদ্রোহী পড়লুম ছাপার অক্ষরে মাসিকপত্রে। অসহযোগের অগ্নিদীক্ষার পর সমস্ত জনপ্রাণ যা কামনা করেছিলো, যেন তাই; দেশব্যাপী উদ্দিপনার এই যেন বাণী।" শুধু বাণীই নয় এ'ছিল ছন্দে ও ভাষায় এক উত্তাল তরঙ্গ। এবং এই তরঙ্গ সিপাহী বিদ্রোহ পরবর্তী ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে উত্তাল ঢেউ তুলেছিলো নজরুলের অন্যান্য বিপ্লবী এবং সাম্যবাদী চিন্তা-চেতনার স্পর্শে এসে। এই যে একটা বিশেষ সময়ে বাংলা কাব্য-সাহিত্যকে এক নতুন বাঁকে এনে - নতুন সুরে বেঁধে দিলেন যিনি তাঁকে কী আমরা আধুনিক কবি বলতে পারিনা? হাজার বছরের বাংলা-কবিতার বন্দিশালাতেও তিনি এক নতুন প্রাণ-বহ্নি জ্বালিয়ে দিলেন। বাংলা কবিতার ইতিহাসে এই নব উচ্চারণ - নতুন উদ্ভাবনারই সুচনা এবং সেটাও আধুনিকতার লক্ষণ।

আধুনিকতার সংজ্ঞা বিশ্লেষণ বিশদভাবে করার আগে নজরুলের সমাজ-সচেতনা প্রসঙ্গটি নিয়ে কিছুটা আলোচনা করা যেতে পারে। একসময়ে কবিতা যেমন ছিল রাজনীতি-নিরপেক্ষ, সমাজ বিমুখ, ব্যাক্তিবাদী এবল প্রেমানুরাগী - সেটাই লৌকিক জীবনের সঙ্গে সংযুক্ত হয়ে গেলো উনবিংশ শতাব্দীর গোড়ার দিকে। এর প্রথম কারণটি ছিল রেনেসাঁ (১৩০০ সালে), যখন প্রচলিত প্রথা-রীতি-নীতির দেয়াল ভেঙ্গে সাহিত্য ও শিল্পে নতুন চিন্তাধারার সংযোগ হলো (**self conscious recovery**)। দ্বিতীয়টি ছিল ১৬০০-১৮০০ পয্যন্ত আধুনিক কালের রাজনৈতিক মতবাদ। এই সময়টা থেকে বিশ্ব-ঐতিহাসিক আয়তনে শুরু হয় সামন্ততন্ত্র থেকে পুঁজিবাদে, শ্রেণী বৈরীর ওপর প্রতিষ্ঠিত শেষ সামাজিক-অর্থনৈতিক ব্যাবস্থার উত্তরণ। এই ব্যাবস্থার ফলে লোকদের মধ্যে জেগে উঠল নতুন বিশ্ববোধ - যার মূলে ছিল মধ্যযুগীয়তা, ধর্মীয় তমাচ্ছন্নতা, সামন্ততান্ত্রিক প্রতিষ্টানাদি এবং শৃংখলার পীড়ণ থেকে মানুষকে মুক্ত করার প্রয়োজনিয়তা। উনবিংশ শতাব্দীতে এই চেতনা থেকেই মানবতাবোধের উদ্ভাবনা হলো কার্ল মার্কস এবং ফ্রেডারিক এঙ্গেলস এর আগমনে। তাঁরা বললেন - সর্বহারারাই একদিন পুঁজিবাদী অর্থনৈতিক ব্যাবস্থাকে করায়ত্ত করবে। উল্লেখযোগ্য যে কার্ল মার্কস ছাত্রজীবনে কবিতাও লিখতেন।

১৭৮৯ খৃষ্টাব্দে ফরাসী বিপ্লবের পরই বিশ্বব্যাপী সামান্তবাদ এবং পুঁজিবাদের সঙ্গে শোষিত শ্রেণীর অধিকার আদায়ের সংগ্রাম অনিবার্য হয়ে ওঠে। যার ছায়া এসে পড়ে ভারতবর্ষেও। চিন্তার ক্ষেত্রে আসে বিপ্লব। কাব্য-সাহিত্যেও তার প্রভাব অনুভূত। এ সব আধুনিক যুগের বির্বতন এবং নতুন সম্ভাবনার বিকাশ। কবি নজরুল এই সত্যকে এড়িয়ে যেতে পারেননি। তাঁর কাব্যে ও গানে - এই যে সাম্যবাদী সুর এবং বিদ্রোহের সুর, তার সবটুকুই আধুনিক ভাবধারাতেই সজ্জিত। পরলোকগত নোবেল পুরস্কার প্রাপ্ত কবি ওকটাভিয়ো পাজ বলতেন - " জীবন দিয়ে কবিতা তৈরী করার চেয়ে জীবনকে কবিতায় রূপান্তরিত করাই শ্রেষ্ঠ নয় কী ?" কবি নজরুল সেটা মর্মে মর্মে উপলব্ধি করেছিলেন। সুতরাং যেটাকে নিন্দুকেরা বলতেন " কাব্যেঅস্ত্রের ঝনঝনানি "- সেটাই গভীর জীবন ও মানব বোধে সঞ্চারিত হয়ে আধুনিকতার মশাল জ্বালিয়েছে কবির অন্তরে ইতিহাস-চেতনা নিয়ে। এই গভীর মূল্যবোধ আধুনিক সময়ের প্রেক্ষাপটেই সঞ্জাত।

সবশেষে আধুনিক কবিতার প্রক্রিয়া এবং নির্মান সম্বন্ধে আলোচনা করা যায়। বলা হয়েছে যে বিশ শতকের হতাশা-অবিশ্বাস-ক্লান্তি-আর্তনাদ জিজ্ঞাসার কবিতাই আধুনিক। আবার কবিতার জন্য চাই-প্রাণ, অভিজ্ঞতা, অনুভূতি ও আবেগ। শেষোক্ত জিনিষগুলি কবি নজরুলের কাব্যসৃষ্টিতে বারেবারেই প্রতিফলিত। একদিকে স্বাধীনতা সংগ্রাম এবং অন্যদিকে প্রণয়ে বিচ্ছেদ। সংগ্রাম বা বিপ্লবে নজরুলের ভূমিকা আলোচিত। প্রেমে-বিরহেও তিনি সেই একই ভূমিকা রেখেছেন। নার্গিসের সঙ্গে তাঁর বিচ্ছেদ এবং আদরের পুত্র বুলবুলের মৃত্যু তাঁকে সারাক্ষনেই বিচলিত করে রেখেছে। এই আবেগ থেকে তিনি নিজকে মুক্ত করতে পারেননি। কিন্তু সার্থক সেই কবি - যিনি আবেগের প্রপাতে ভেসে গেলেও মৌলিকত্বকে বিসর্জন দেন না। কেননা কবির মৌলিকত্ব তার শিল্পীসত্তার মাঝে। যার

মূলধারাটিতে থাকে হৃদয়ের উচ্ছাস। যেটাকে তাত্ত্বিকেরা বলেছেন - " হৃদয়ের রসধারা। " এই সুধা যেন ঝর্ণার বাঁধ-ভাঙ্গা স্রোত। যতক্ষণ এর চলা - ততক্ষণই তা সুন্দর। এবং এই ধেয়ানটি ঘিরেই রয়েছে চিত্রকল্প। বিচ্ছেদ-বিরহ-প্রণয়-বিপ্লব সবখানেই শব্দের সমারোহ দিয়ে নজরুল যে চিত্রকল্প রচনা করেছেন সেটা বাংলা কবিতার অন্যান্য আধুনিক কবিদের চেয়ে (যেমন জীবনানন্দ, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে ইত্যাদি) এঁদের চেয়ে হয়তো পৃথক। কিন্তু একদিকে তাঁর ইতিহাস চেতনা এবং সময়োপযোগী রচনা- অন্যদিকে আরবী-ফার্সীর সংমিশ্রণে ছন্দের দোলনা সাজানো - তাঁর সৃষ্টির নৈপুণ্যের এবং কৃতিত্বের দাবীদার। এবং সেটা এক অসামান্য প্রতিভার সাক্ষরই বটে। এবং আধুনিকতা যদি নব-উদ্‌ভাবনারই নামান্তর হয় - তবে সেই হিসেবে কবি নজরুল অবশ্যি আধুনিক।

পরিশেষে বলাবাহুল্য আধুনিক কবিতার পরম গুরু ফরাসী কবি শার্লে বোঁদলেয়ার (১৮২১-৬৭) এর কবিতাকেও একসময়ে অশ্লীল এবং ঈশ্বরদ্রোহী বলে নিন্দিত করা হয়েছে। অথচ মৃত্যুর পর থেকে তিনি আজো আধুনিক কবিতার জনক বলে নন্দিত। কালের আবর্তনে নজরুলের কবিতাকেও নিয়ে ব্যাপক আলোচিত হতে পারে - "চৈতন্যপ্রসারী চিত্রকল্প" হিসাবে। প্রতীক হিসেবে থাকবে সময়, সমাজ, সংস্কার ও সংশয়। এই বিচ্ছিন্নতা হওত একটা সমগ্রতাকে নির্মান করবে। তাঁর রৌদ্রতাপিত বিদ্রোহ একটা প্রেম ও বিশ্বাসকে ঘিরেই। সেটাও আধুনিকতার একটা পর্যায়। আর আধুনিকতার মূল শর্ত-মানব স্বীকৃত, মানুষের কাছে নিজের বাণীকে পৌঁছিয়ে দেয়া। সে বাণী আজ বাঙালীর মানস মুকুরে শতরূপে উদ্ভাসিত।

(জনাব আমিনুর রশিদ পিন্টু একজন বিশিষ্ট সাংস্কৃতিক কর্মী, কবি ও প্রাবন্ধিক । প্রবাসে তিনি বিভিন্ন পত্র-পত্রিকায় নিয়মিত লিখছেন এবং বর্তমানে তিনি উত্তর আমেরিকা বাংলা কবিতা সম্মেলনের সদস্য সচিব ।)

নজরুল

গোলাম রহমান,

কল্লোল যুগে এলো বুলবুল, নাম তার নজরুল,
অগ্নি যুগের অগ্নি সাধক প্রানে প্রানে খায় দোল ।
কবিতা ও গানে জাগাল হিয়ার নব যৌবন তরঙ্গ,
যুগ যুগ ধরি চেয়েছিলাম যাহা নিপীড়িত এই বঙ্গ।
অসি আর মসি এক সাথে নিয়ে দ্রোহের গান গায়,
"অগ্নি বীনায়" ভৈরব রাগিনী যাহার তুলনা নাই।
তার কবিতায় ঝঞ্ঝার বেগ, নাড়া দেয় সারা প্রানে,
পুড়িয়ে দেবে সনাতন রীতি শেকল ছেড়ার গানে।
ভাবনে মননে বিপ্লবী জোস চারন কবির মত,
বাক্যে জ্বলছে আগুনের শিখা, হবে নাকো কভু নত।
"পরশুরামের কঠোর কুঠারে" হানে কঠিন আঘাত,
এইবার বুঝি পালটিয়ে যাবে শোষনের ধারাপাত।
তার অভিশাপে পুড়ে ছাই হ'বে শোষকের সব আশা,
টানা টানা চোখে আগুনের ভাটা যেন মুনি দূর্বাসা।
তুফানের মত উদ্দাম হ'য়ে ঘরে ঘরে দেয় হানা,
সবুজ প্রানের শিরায় শিরায় চেতনা পেতেছে যানা।
বজ্র কণ্ঠে ধ্বনিয়া উবল উদাত্ত আহ্বান,
আর দেরী নয় ডাকছে এবার যুদ্ধের ময়দান।
সাম্যের কবি গাহিলেন এথা নব জীবনের গীতি,
শাসক-শোষক ভেবে ভেবে সারা - এ কেমন রীতিনীতি?

Havilder Nazrul, age 21

মানুষের কবি, বীর অবতার হররোজ নাহি আসে,
শত বরষের পুঞ্জিত ব্যাথা যাঁর লেখনীতে ভাসে।
সৃষ্টির তরে ভান্ডার গান মানে নাকো কোন রোষ,
হাজার বছর প্রতীক্ষা শেষে পেনু এ মহাপুরূষ।
"হিসাবের পাওনা চাই বাবু" - চাইনা কারো কাছে ভিক্ষা,
"জীবন-মৃত্যু পায়ের ভৃত্য" - এই ছিল তাঁর দীক্ষা।
অভয় মন্ত্র সাধন তন্ত্র তিমির রাত্রি নাশে,
সৃষ্টি সুখের মহা উল্লাসে কবিবর থাকে পাশে।
হাকে নজরুল-পালটাও বোল, শানিত করো হে চিও,
জীবন না দিলে জীবন মিলে না এ কথা ধ্রুব সত্য।
সবল হস্তে শোষকের ঘরে লাগাও শক্ত তালা,
যদি পেতে চাও শোষিত জীবনে দিন বদলের পালা
নারীরে সাজালো অপরূপ সাজে মিশিয়ে সুধা-মাধুরী,
প্রেমের আভায় মোহন মায়ায় চাঁদেরে ললাটে ধরি।
"রামধনু হ'তে সাতরং ছানি' মাখালো প্রিয়ার গায়,
স্বর্গের দুত দেবত্ব ভুলি' লুটাইয়া পড়ে পায়।
নতুন আলোকে রূপ-রস-গানে ভরে তুলে সারা হিয়া,
বর্নিল হ'ল ছন্দে-গন্ধে মধুময় সখী-প্রিয়া।

(য়েল্‌ভিল্, জর্জিয়া)

রবিন্দ্র-নজরুল : সাম্প্রতিক পুলিশ রিপোর্ট

আবু সাইদ শাহীন

বর্ধমান চুরুলিয়া গ্রামে গতরাতে-
হ্যাজাকের আলো জেলে সামিয়ানা টেনে বটতলে কবিগান জমেছিল খুব।
'এতজল ও কাজল চোখে' নিয়ে মমতাজ- জুলিয়েট, শিরি
বিমুগ্ধ শ্রোতা হয়ে যায়।
'সঙ্কিতা' ধীরে ধীরে কন্টের দীঘি হতে থাকে।
বিদ্রোহী নজরুল এভারেষ্ট কেটে কেটে বিরহের কথা লিখে শুধু।

শিয়ালদহ কুঠিবাড়ীর খোলা বাতায়নে কালরাতে,
পদ্মার ঝিরি ঝিরি হাওয়া, চেরীফুল, পুর্নিমা চাঁদ-
নায়েগ্রা প্রপাতের উচ্ছল স্রোতধারা, গীতঞ্জলীর বনে জড়ো হয়েছিলো।
তানপুরা, বেহালার কাঁচ কাটা সুরে
আনন্দ, অনুরাগে গুমহীন সন্ন্যাসি রাত,
সহসাই রবীন্দ্র রাত হতে থাকে।

অলৌকিক সীমানা টেনে চুরুলিয়া, কুঠিবাড়ী ভোররাতে এক হয়ে যায়।
হটাৎ বিজেপি সেনা, কতক শিবির সৈনা
খড়্গ, রামদা হাতে -
মিলন সড়কটাকে ভেঙ্গে দিতে আসে।

নজরুলের বিদ্রোহী

মঈনউদ্দিন মুন্শী

Young Nazrul, in 1927, at age 28.

'বিদ্রোহী' নজরুল ইসলামের অন্যতম শ্রেষ্ঠ কবিতা। 'বিদ্রোহী' যখন প্রথম প্রকাশিত হয়, তখন বাংলার সাহিত্যিক-মহল এক পরম বিস্ময়ের সৃষ্টি হয়। কারন 'বিদ্রোহী'-জাতীয় কবিতা তখন বাংলা সাহিত্যে মোটেই ছিল না। বাংলার নরম মাটি ও প্রকৃতিতে এ জাতীয় কাব্যসৃষ্টি যে সম্ভব সে ধারনাও তখন কারো ছিল না।

'বিদ্রোহী'র আবির্ভাবে বাংলার সাহিত্যিক মহল বিস্মিত হয়েছিলেন। এই বিস্ময় শুধু প্রশংসা-মূলক ছিল না, কোন কোন মহল এর নিন্দাও করেছিলেন। নিন্দাবাদীরা বলেন 'এ বাংলায় চলবে না, বৈষ্ণবের প্রেমভক্তির দেশ বাংলায় এ-অচল'। কিন্তু তাঁরা ভুলে গিয়েছিলেন যে, বাংলা শুধু ভক্তিবাদী বৈষ্ণবের দেশই নয়, বাংলা কর্ম ও শক্তিবাদী মানুষের দেশ। প্রেম-ভক্তির পাশাপাশি পদ্মা-মেঘনার ভয়াবহ তান্ডবও এর প্রকৃতিতে মিশে আছে। তাই প্রেমবাদী মরমী রবীন্দ্রনাথ যেমন বাংলার স্বাভাবিক কবি, 'বিদ্রোহী'র কবি শক্তিবাদী নজরুলও তেমনি বাংলার স্বভাব ধর্মের সাথে সুসমঞ্জস।

নজরুল ইসলাম প্রতিভাশালী কবি হিসেবে প্রতিষ্টা লাভ করেছিলেন 'বিদ্রোহী' রচনার আগেই। তার 'আনোয়ার', 'শান্তিল আরব', 'রনভেরী', 'কোরবানী', 'মোহররম', 'কামাল পাশা' ইত্যাদি কবিতা তাকে বংলার কাব্য-রসিকদের কাছে আগেই একজন শক্তিশালী কবি হিসেবে প্রতিষ্টা দিয়েছিল। সেই সময়ের একজন মেধাবী কবি করুনানিধন বন্দ্যোপাধ্যায় বলেছিলেন যে - 'নজরুল কবি কুমদরঞ্জন মল্লিকের চাইতে কোনো অংশেই খাটো নন'- এমনকি, ছন্দের দিক দিয়ে নজরুলকে সত্যেন্দ্রনাথের সাথে তুলনীয় বলেও তিনি মন্তব্য করেছিলেন। কবি মোহিতলাল মজুমদার নজরুলের 'খেয়াপারের তরনী' পড়ে উচ্ছাসিত ভাষায় বলেছিলেন যে, প্রান-শক্তির অভাব দেখে যে 'মিথ্যাময়ী ছন্দ-সরস্বতীর" উপর তার ঘৃনা জন্মে গিয়েছিলো, নজরুলের প্রান-প্রাচুর্য্যে ভরপুর অপূর্ব ছন্দ-সুষমাখচিত এ-কবিতা দেখে তার বিশ্বাস আবার ফিরে এসেছে।

তৎকালিন কাব্য-রসিক সমাজ এটা অনুধাবন করতে পেরেছিলেন যে, নজরুল বাংলার কাব্যক্ষেত্রে একজন যুগপ্রবর্তক। এ প্রসঙ্গে বুদ্ধদেব বসু বলেছিলেন- "এ কথা সত্য যে, রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।ষ্ট সত্যেন্দ্রনাথকে মনে হয় রবীন্দ্রনাথের সংলগ্ন কিংবা অন্তর্গত, আর নজরুল ইসলাম রবীন্দ্রনাথের পরে অন্য একজন কবি - ক্ষুদ্রতর নিশ্চয়ই, কিন্তু নুতন। তিনি দেখিয়ে দিলেন যে রবীন্দ্রনাথের পথ ছাড়াও অন্য পথ বাংলা কবিতায় সম্ভব"।

বাংলা সাহিত্যে মৌলিক বা যুগপ্রবর্তক কবি হচ্ছেন রবীন্দ্রনাথ, মাইকেল, এবং নজরুল। কাব্যশক্তি এবং অবদানের দিক দিয়ে এঁদের মধ্যে বৃহত্তর ক্ষুদ্রতর আছেন নিশ্চয়ই। রবীন্দ্রনাথ যে সবার উপরে সেটা অনস্বীকার্য্য। তবে এদের কেউই একে অপরের পথ অনুসরন করে চলেননি, নিজেরাই নিজেদের পথ তৈরী করে নিয়েছেন। এদিক দিয়ে তিনজনই স্বতন্ত্র, তিনজনই মৌলীলক কাব্য-প্রতিভার ছাপ রেখে গেছেন এবং অন্য কারও সাথে এঁদের তুলনা চলে না।

নজরুলের 'বিদ্রোহী' মৌলিক প্রতিভার সৃষ্টি-বচিত্রের বর্ণ-সুষমা নিয়ে আবির্ভূত হয়েছিল এবং তা বাংলার কাব্যরসিক জনের মনে বিস্ময়ের চমক লাগাতে পেরেছিল। 'বিদ্রোহী' অনবদ্য কাব্য-রচনা হয়ত নয়, সমগ্রতার সৌন্দর্য্য সৃষ্টি হিসেবে তাতে ত্রুটি থাকতে পারে; কিন্তু তাতে করে কাব্য-সুষমার এমন হানি হয়নি যাতে পাঠক আনন্দলাভ থেকে বঞ্চিত হয়। 'বিদ্রোহী'র কৃত্রিমতাহীন স্বাভাবিক সৌন্দর্য্য সৃষ্টি অধিকাংশ পাঠককে অনাবিল আনন্দ দিয়েছে। এই কবিতার অসাধারন জনপ্রিয়তা তারই প্রমান।

কোন কোন কাব্য-সমালোচক 'বিদ্রোহী'র নতুনত্ব অস্বীকার করার চেষ্টা করেছেন। রবীন্দ্রনাথের "নির্ঝরের স্বপ্নভঙ্গ", "আমরা চলি সমুখ পানে, কে আমাদের বাধবে", "ওরে নবীন, ওরে আমার কাচা" এ সবের উদ্ধৃতি দিয়ে তারা বলেছেন যে, 'বিদ্রোহী' নতুন কিছু নয়, রবীন্দ্রনাথ বহু আগেই এসব বলে গিয়েছেন। কিন্তু রবীন্দ্রনাথের এসব কবিতা আর নজরুলের 'বিদ্রোহী' কি এক জিনিষ? রবীন্দ্রনাথের উল্লিখীত কবিতা গুলোতে আগে চলার আগিদ আছে বটে; কিন্তু তাতে বিদ্রোহের অগ্নিবানী নেই। বাধাবিঘ্ন অতিক্রম করে এগিয়ে চলার আহ্বান, আর নতুন সৃষ্টির জন্য ভাঙার গান এক নয়, তাই নজরুলের 'বিদ্রোহী'র নতুনত্বে সন্দেহের কোন অবকাশ নেই।

'বিদ্রোহী' শুধু নিছক ভাঙার জন্যই ভাঙার গান নয়, এর পিছনে আছে নবসৃষ্টির তাগিদ। 'বিদ্রোহী' বাংলা কাব্যসাহিত্যে একটি নতুন এবং অবিস্মরনীয় সৃষ্টি। এ-সৃষ্টি নজরুলকে দিয়েছে বাংলার অন্যতম মৌলিক কাব্যস্রষ্টার আসন।

নজরুল

সৈয়দ খিজির হায়াত

তোমার ভালবাসা পেয়েছিল অনেকেই
দিয়েছিলে তুমি নিশাদ প্রেম
হাতের বাশঁরী দাওনি কখনও
ছড়িয়েছিলে সৃষ্টি স্রগ।
রক্ত করবী ফুটিয়েছিলে সৃষ্টি সুখের উল্লাসে
অগ্নিবীণার আগুন সুরে
বিষের বাঁশি বাজিয়েছিলে। হিন্দোল দোলে
দোলন চাপা, বুলবুলি গেয়েছিল হামদ ও নাত
অত্যাচারীর বক্ষে তুমি
ক্ষীপ্ত ব্যাঘ্রের পদাঘাত। শোষিত জনতার
অগ্রপথিক, পল্টনে বীর মুজাহিদ
অসাম্যের যমদেবতা কন্ঠে ছিল সাম্যবাদ। ঘুমিয়ে আছে
বিদ্রোহী বীর, মসজিদেরই কবর গায় মুসল্লিসব তেলাওয়াত করো
সুর যেনো তার কানে যায়।
বেহেশত হতে ছুটে এসে গানকরো সব বুলবুল, চিরতৃপ্ত শান্তিসুখে
ঘুম যায় যেনো নজরুল।

নজরুলের প্রাসঙ্গিকতা

মোহাম্মদ মনিরুজ্জামান (ঢাকা বিশ্ববিদ্যালয়)

সমকালে এবং উত্তরকালে তিনি কতখানি প্রাসঙ্গিক, আমার বিবেচনায়, তার উপরই নির্ভর করে একজন কবির গুরুত্ব । এই দৃষ্টিকোণ থেকে আমি কাজী নজরুল ইসলামকে (১৮৯৯-১৯৭৬) তাঁর অমকালের ও বর্তমান কালের পৃথিবীর একজন প্রধান গুরুত্বপূর্ণ কবি বলে মনে করি ।

তাঁর প্রবল জীবন সমকালীনদের বিস্ময় ও ঈর্ষার কারণ ছিল । নজরুল-সম্পর্কিত স্মৃতি-চিত্রাবলীতে, কথোপকথনে ও প্রগলভতায় অনেকেই সেই বিমূঢ়-বিহ্বলতায় ও ঈর্ষাকাতরতার নানামাত্রিক জটিলতা এঁকেছেন । সমকালের বিচার যে শেষ কথা নয়, নজরুল বিষয়ক বিভিন্ন 'রায়' পুনর্বার তার প্রমাণ । তবুতো মিল্টন সম্পর্কে দুই বক্তব্য আছে টি, এস, এলিয়টের ; মধুসূদন প্রসংগে তাঁর কৈশোরক পূর্বমত সংশোধণ করেছিলেন পরিণত বয়সে রবীন্দ্রনাথ । কিন্তু সেই যে ১৯৪৪ সালে বুদ্ধদেব বসু তাঁর ক্ষুদ্র নজরুল-স্মৃতির সঙ্গে ক্ষুদ্রতর মন্তব্যটুকু লিপিপদ্ধ করেছিলেন - প্রসংশা ও নিন্দার কতিপয় 'অনর্গল' বাক্যে, তা আর পরিবর্তন করায় কোনো প্রয়োজন তিনি আমৃত্যু বোধ করেননি । বরং কালের পুতুল-এর (১৯৪৬) একাধিক সংস্করণে তা অবিকল পুর্নমুদ্রিত হয়ে অনেক উদ্ভট বিভ্রান্তির উৎস হয়েছে ।

Nazrul in his youth.

এখন নজরুল না-পড়া ও কাল অসচেতন চেনা কয়েকজন ব্যক্তি প্রায়শই অপ্রাসঙ্গিকভাবে বুদ্ধদেবের ঐ প্রবন্ধের নজরুল নিন্দাংশের দু-এক বাক্য পুনরাবৃত্তি করে নজরুলকে তাচ্ছিল্য করেন স্বপ্নাচ্ছন্নের ভঙ্গিতে । এসব উচ্চারণে কোন বিশ্লেষণ নেই, এমনকি বুদ্ধদেব বসুর এই প্রবন্ধটিও তারা মনোযোগ দিয়ে পড়েছেন - এমন কোন প্রমাণ নেই । এসব উপেক্ষা করাই হয়ত সমীচীন । তবে এই এলোমেলো পরিবেশে এই ধরনের দায়ীত্বহীনতাকে প্রশ্রয় দেওয়াও এক ধরনের দায়ীত্বজ্ঞানহীনতা ।

এই পরিপ্রেক্ষিতেই নজরুলের প্রাসঙ্গিকতার বিষয়টি বিবেচনা করা উচিত বলে মনে করি । তাঁর সমকালে নজরুলের প্রাসঙ্গিকতা নানামাত্রিক । রবীন্দ্রনাথ ঠাকুর ও সত্যেন্দ্রনাথ দত্তের উৎকর্ষ ও জনপ্রিয়তার তুঙ্গ প্রহরে আবির্ভূত হয়ে নজরুল মুহূর্তে তরুণ বাঙালীর চিত্ত হরণ করেছিলেন । সেই চিত্তহরণের স্মৃতিচারণ-প্রসঙ্গে বুদ্ধদেব বসু নজরুলের আবির্ভাবের আলোড়নকে তুলনা করেছেন নবচিত্তে গান্ধীজীর প্রভাবের সংগে । তারপর বলেছেন,

"-বিদ্রোহী পড়লুম ছাপার অক্ষরে, মাসিক পত্রে- মনে হল, এমন কখনো পড়িনি ।

অসহযোগের অগ্নিদীক্ষার পরে সমস্ত মন-প্রাণ যা কামনা করেছিল, এ যেন তাই ;

দেশব্যাপী উদ্দীপনার এই যেন বাণী ।"[১]

নজরুলের সমকালের প্রাসঙ্গিকতা ঃ তিনিই শুনিয়েছিলেন দেশব্যাপী উদ্দীপনার বাণী । এর প্রভাব প্রসঙ্গে বুদ্ধদেব বসুর স্বীকারোক্তি ঃ

" নজরুলের কবিতাসমুহের প্রবলতা আমাদের প্রশংসা করার ভাবটুকু পর্যন্ত কেড়ে নিলে । তার নিখাদ-নিঘোষ আমাদের মনের মধ্যে কেবলই ঢেউ তুলে ফিরতে লাগলো :

তোরা সব জয়ধ্বনি কর
তোরা সব জয়ধ্বনি কর
ঐ নূতনের কেতন উড়ে কাল-বোশেখীর ঝড় ।

নূতনের কেতন সত্যিই উড়লো । নজরুল ইসলাম বিখ্যাত হলেন । আমাদের সাহিত্যের ইতিহাসে এত অল্প সময়ের মধ্যে এতখানি বিখ্যাত অন্য কোন কবি হননি ।"[২]

সমকালের প্রাসঙ্গিকতা উপলব্ধি না করলে নজরুলের বাণী, তাঁর নূতনের কেতন, তাঁর জয়ধ্বনি, তাঁর খ্যাতি- কোনো কিছুই উপলব্ধি করা সম্ভবপর নয় ।

নজরুলের মানস-সংগঠনের প্রাথমিক পর্যায়সমুহ আমি বিশ্লেষণ করেছি 'আধুনিক বাংলা কাব্যে হিন্দু-মুসলমান সম্পর্ক' (রচনাকাল ১৯৬৭; প্রথম প্রকাশ ১৯৭০, বাংলা একাডেমী, ঢাকা; দ্বি. স. ১৯৮৪) গ্রন্থে নজরুলের কবিতা আলোচনা প্রসঙ্গে । ঐ আলোচনায় আমি দেখিয়েছি কিভাবে একদিকে অসহযোগ আন্দোলন ও খেলাফত আন্দোলন কেন্দ্রিক হিন্দু-মুসলিম সম্প্রীতির পরিবেশ, অন্যদিকে রুশ-বিপ্লব-প্রভাবিত সাম্যবাদী চিন্তাচেতনা নজরুল মানসে এক বিশিষ্ট মানবতাবাদের জন্ম দিয়েছিল, কিভাবে ধ্বনিত হয়েছিল তাঁর কণ্ঠে ফাগবাণী । তাঁর সেই বাঁশীকে, তাঁর কবিতায় গানে উন্মাতাল হয়ে উঠেছিল সারা দেশের তরুণচিত্ত । অথচ তখনই তিনি তিরস্কৃত হয়েছেন সমানভাবে । 'আমার কৈফিয়ৎ' কবিতার সেই তিরস্কারের রক্তক্ষরণ আছে । তিরস্কারই তাঁর পুরস্কার ।

মোহিতলাল মজুমদার ও বুদ্ধদেব বসু যখন নজরুলের কাছে 'চিরকেলে বাণী' শুনতে চান, তখন বোঝা যায় তাঁদের অন্যত্র প্রভেদ থাকলেও নজরুলের প্রাসঙ্গিকতা বুঝতে না- পারার ক্ষেত্রে ঐক্য আছে । উভয়েই এবং তাঁদের অনুসারীবৃন্দ আজ পর্যন্ত চালিত হয়েছেন পাশ্চাত্য কাব্যবোধের খন্ডাংশের অনুসৃত প্রয়োগ কুশলতায় । তাঁদের পরকলায় তাই শুধুই ধরা পড়ে নজরুলের উচ্চকণ্ঠ । কিন্তু উচ্চকণ্ঠে কি তিনি বলেছেন - কি প্রাসঙ্গিকতা তাঁর বাঁশীর- সে দিকে কিছুতেই তাঁরা ঘেঁষতে চাননি ।

গান্ধি কি রবীন্দ্রনাথের সমাধানে নজরুলের আস্থা নেই । কেননা তিনি জানেন "ক্ষুধাতুর শিশু চায়না স্বরাজ, চায় দুটো ভাত একটু নুন ।" দেশের নিরন্ন দরিদ্র জনসাধারণ নগরবাসী তাদের হাতে তুলে দিয়েছে আপন ক্ষুধার অন্ন: কিন্তু-

কত শত কোটি ক্ষুধিত শিশুর ক্ষুধা নিবাড়িয়া কাড়িয়া গ্রাস
এল কোটি টাকা, এল না স্বরাজ
টাকা দিতে নারে ভুখারি সমাজ !"[৩]

এই নজরুলের প্রাসঙ্গিকতা বোঝার ক্ষমতা ছিলনা একজন মোহিতলাল কি একজন বুদ্ধদেব বসুর । নজরুল জানতেন তাঁর স্বাতন্ত্রের স্বরূপ । তাই ব্যঙ্গভরে 'অমর কাব্য লেখার ভার তাঁর সমালোচকদেরই তিনি ফিরিয়ে দিয়েছেন । নিজেকে ঘোষনা করেছেন 'বর্তমানের কবি' বলে- অনায়াসে সকল সমালোচনার জবাবে বলতে পেরেছেন : 'পরোয়া করি না বাঁচি বা না বাঁচি যুগের হুজুগ কেটে গেলে ।' তাঁর একমাত্র কামনা :

"প্রার্থনা কর যাঁরা কেড়ে খায় তেত্রিশ কোটি মুখের গ্রাস,
যেন লেখা হয়, আমার রক্ত-লেখায় তাদের সর্বনাশ ।"

কবি জীবনের শুরুতেই নজরুল উচ্চারণ করেছিলেন :

"আমি সেই দিন হব শান্ত
যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না,
অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণভূমে রণিবে না-
বিদ্রোহী-রণক্লান্ত
আমি সেই দিন হব শান্ত ।"

এই ছিল নজরুলের আদর্শ ও লক্ষ্য ।

তাঁর সমকালের প্রাসঙ্গিকতা আজো কি প্রাসঙ্গিক নয় ? নজরুল রুদ্ধবাক হবার পর চার দশক অতিক্রান্ত হয়েছে, তারপর ঘটেছে তার নশ্বর দেহাবসান । আজ তিনি শায়িত ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদ সংলগ্ন শহীদ গোরস্থানে । এর মধ্যে দ্বিতীয় মহাযুদ্ধ ও মহাযুদ্ধোত্তর কালে বিশ্বে কত বিচিত্র পট পরিবর্তন হয়েছে, কত ঘটনাঘটন ঘটেছে- কত রক্তপাত, কত যুদ্ধ, কত ধ্বংস, লাশ । কিন্তু নজরুল যে নিরন্ন জনসাধারণের ক্ষুধার অন্নের জন্য উচ্চকণ্ঠ হয়েছিলেন, তাদের অবস্থা বাংলাদেশে এবং এশিয়া আফ্রিকার দেশে দেশে কি আজো একই তীব্রতায় বর্তমান নয় ? নজরুল যে অত্যাচারীর বিরুদ্ধে, উৎপীড়িতের স্বপক্ষে উচ্চকণ্ঠই হয়েছিলেন সে অত্যাচারীর উৎপীড়িতের অবস্থান কি খুব বেশী বদলেছে আজকের পৃথিবীতে ? উৎপীড়িতের স্বপক্ষে বলেই নজরুল হয়ে ওঠেন আমাদের মুক্তিযুদ্ধের প্রেরণা এবং এই তাৎপর্যেই তিনি আমাদের জাতীয় কবি । এই তাৎপর্যেই আজো তাঁর প্রাসঙ্গিকতা অমলিন ।

শ্রেষ্ঠ কবি বলে কোনো বস্তু নেই এবং সর্বশ্রেষ্ঠ কবি হাস্যকর অভিধা; একজন নির্বোধকে একজন চাটুকার ঐ রকম অভিধা সাধারণত প্রদান করে থাকে । কেননা কবির ক্ষেত্রে হয় তিনি কবি, অথবা কবিই নন - এর বেশী বা কম কিছুই নয় । যিনি কবি তিনি অবশ্যই শ্রেষ্ঠ । এবং একজন কবি আর একজন কবি অপেক্ষা বড়ও নন, - তিনি স্বতন্ত্র । প্রকৃতপক্ষে যা গুরুত্বপূর্ণ তা তাঁর প্রাসঙ্গিকতা।

সুভাষ মুখোপাধ্যায় নজরুলের মৃত্যুতে একটি অনন্য-সাধারণ কবিতায় বলেছেন :

কে যে কোথায় ঘুমান সেটা একেবারেই গৌণ,
দেখতে হবে কোথায় তিনি জাগেন
এবং কোনখানে নন মৌন ।

নজরুল যেখানে জাগেন সেখানে মৌন তো ননই বরং উচ্চকণ্ঠ । সেখানে তিনি প্রাসঙ্গিক- সমকালে এবং আজও । তাঁর তুল্য প্রাসঙ্গিকতা অর্জন শুধু দুরূহই নয়, তার উপলব্ধিও শ্রমসাধ্য ।

তথ্যনির্দেশ

১. বুদ্ধদেব বসু, কালের পুতুল, ১৯৪৬, নিউ এজ সংস্করণ ১৯৫৯ কলকাতা, পৃ ১২৫
২. ঐ, পৃ ১২৩-২৬
৩. কাজী নজরুল ইসলাম, আমার কৈফিয়ৎ সর্বহারা,১৩৩৩, নজরুল রচনাবলী, প্রথম খন্ড, বা:লা একাডেমী, নতুন সংস্করণ ১৯ জ্যৈষ্ঠ ১৪০০, ২৫ মে ১৯৯৩, পৃ ২৯৪
৪. ঐ
৫. কাজী নজরুল ইসলাম, বিদ্রোহী, অগ্নি-বীণা, ১৯২২, নজরুল রচনাবলী, প্রথম খন্ড, বাংলা একাডেমী, নতুন সংস্করণ, পৃ ১০ ।

প্রতিভার খেলা

হায়াৎ মাহমুদ

'যে পারে সে অমনি পারে, পারে গো ফুল ফোটাতে' - কথাটা রবীন্দ্রনাথের । ফুল তো ফোটে এবং আমরা তার সুগন্ধও পাই । কিন্তু ঐ ফুটিয়ে তোলার রহস্য ? রবীন্দ্রনাথ নিজে ফুল ফোটাতেন, অথচ কোথাও বলেননি কেমন করে । তিনিও কি অমনিই পারতেন, অনায়াসে, হেলাফেলায়, খেয়ালখুশীতে ?

সৃষ্টিপ্রতিভার অন্তলীন এই অব্যাখ্যেয় সমস্যার সম্মুখীন আমরা হই, না, রবীন্দ্রনাথের কাছে গিয়ে নয়, বরং নজরুলের সামনে গিয়ে দাঁড়ালে । দু'জনেই বিস্ময় আমাদের কাছে, কিন্তু দু'ধরনের বিস্ময় । উভয়ের মধ্যে কোথাও কোনখানে মিল নেই । না ব্যক্তিচরিত্রে, না রচনার কৌশলগত প্রক্রিয়ায় বা নির্মিত সৃষ্টিতে । রবীন্দ্রনাথ আমাদের ঠিক অবাক করেন না, তিনি আমাদের গ্রাস করেন, আপ্লুত করেন, সম্মোহিত করেন । ঘটনাটা ঘটে তাঁর বিশালত্বের জন্যই । সূর্য দেখে আমাদের বিস্ময়বোধ হয় না, কিন্তু উল্কাপাত বা ধুমকেতু দেখলে হয় ।

নজরুল ও রবীন্দ্রনাথের প্রতিভা সমশ্রেণীভূক্ত নয়, আমরা সকলেই জানি । প্রশ্নটা অন্যখানে । নজরুলের প্রতিভার পিছনে তাঁর মনষ্ক্রিয়ার পদ্ধতিগুলো কী ছিল ? রবীন্দ্রনাথের একমাত্র শক্তি তাঁর 'সিদ্ধান্ত' গ্রহণের অলৌকিক ও অপ্রতিরোধ্য ক্ষমতা, অথচ নজরুলের কোনো 'সিদ্ধান্ত' নেই । তাহলে নজরুল চলেছিলেন কোন শক্তিতে ? এ কেমন প্রতিভা যেখানে নিয়ত কোনো জিজ্ঞাসা উৎসারিত হচ্ছে না, ক্রমাগত অন্বেষণ নেই এবং নিজেকে বারংবার পিছু ফেলে নিজেকেই অতিক্রম করে যাওয়ার চেষ্টা নেই ? নাকি এরই নাম 'প্রতিভা'- যেখানে আমি স্বশাসিত নই, আত্মনিয়ন্ত্রণাধীন নই, 'তুমি যেমনি বাজাও তেমনি বাজি' ?

নজরুল ইসলামের সমুদয় সৃষ্টির খতিয়ান নিলে দেখা যাবে তাঁর রচনার সিংহভাগ - কি কবিতায় বা কি গানে - প্রয়োজনের চাপে রচিত । সময়ের ও ইতিহাসের চাপ, তাৎক্ষনিক অবস্থার দাবি । ব্যতিক্রম শুধু তাঁর গল্প ও উপন্যাস । কোনো নজরুলদ্বেষী তাঁকে ফরমায়েশি লেখক বলে তাচ্ছিল্য করলে আমরা রাগ করতে পারি, কিন্তু মিথ্যা অভিযোগের দায়ে ভদ্রলোককে কাঠগড়ায় দাঁড় করানো সম্ভবত যাবে না । যা পরম আশ্চর্য তা হলো, প্রসঙ্গোৎসারিত লেখা অত অনায়াসসিদ্ধ, সাবলীল, বেগবান ও সংক্রামক কী করে হতে পারে ? অথবা তেমন হওয়া যদি সম্ভবই হয়, তবে তা হতে পারে ব্যতিক্রম হিসেবে মাত্র দু-চারটি রচনায় । অথচ এক্ষেত্রে সংখ্যার বিপুলতাই প্রমাণ করছে যে, ঐ ব্যতিক্রমই এখানে নিয়ম । এমন ঘটে ওঠা, আমার ধারণায়, একমাত্র তখনই সম্ভব হতে পারে যেখানে রচয়িতার সমস্ত অনুভবতন্ত্রী বহিরাগত দাবীর সংগে স্বভাবজ নিয়মে সংযোগ স্থাপনে উন্মুখ । অর্থাৎ স্রষ্টার মনের গড়নই এমনি যার উপরে পরিপার্শ্ব ও সম্পৃক্ত সময় সর্বদা নিজের শরীর প্রতিবিম্বিত করতে পারছে । এ জাতীয় মানসপ্রক্রিয়া সৃজনশীল ও দক্ষ সাংবাদিকের হয়ে থাকে । ঈশ্বর গুপ্তের এই গুণ ছিল । কবিয়ালদের এই গুণ থাকতেই হয়, না থাকলে একেবারেই চলে না । নজরুল লেটোর দলে পালা লিখেছেন, গান গেয়েছেন, সফল সাংবাদিকও হয়েছিলেন । যদি বলি, তাঁর প্রতিভার পশ্চাতে এই বিশেষ মনষ্ক্রিয়ার গতিধারা সর্বাধিক সক্রিয়, তাহলে কি ভুঐল বলবো ? কল্পনা করা যাক এমন একজন দুখু মিয়া যে পরে নজরুল হবে না, তাহলে বড় হয়ে পরিণত বয়সে দুখু মিয়ার পক্ষে কী হওয়া সম্ভব ছিল ? মুকুন্দ দাস, রমেশ শীল কি শেখ গুমানের সঙ্গে দুখু মিয়ার আসন সমকালীন ইতিহাসে ও জনচিত্তে চিরন্তনী হয়ে থাকতো । সেও কিছু কম কথা নয় । কিন্তু দুখু মিয়া নজরুল হতে পেরেছিলেন বলেই রবীন্দ্রনাথের পাশে তাঁর সিংহাসন । দুখু মিয়াকে অতিক্রম করে আসতে পারাটাই তাঁর প্রতিভা ; তবে, প্রতিভার সীমারেখাও বটে, কেননা সমকালীন সময় ও ইতিহাসকে অতিক্রম করে যাওয়া এই সীমানার মধ্যে থেকে সম্ভব ছিল না ।

নজরুলের সমাজচেতন ও রাজনৈতিক কবিতা ও গীতিমালা এবং প্রেমের গান - এ দুয়ের মধ্যে তিনি নিজেকে যেমন মেলে ধরেছিলেন তিনি কি সবটুকুই

তেমন ? সন্দেহ নেই, এ প্রশ্নটি অবিশ্বাসীয় । সৃষ্টির ভিতরে স্রষ্টা নিপাট ও অকপট নিজেকে ধারণ করে থাকেন, এ তো স্বতঃসিদ্ধ কথা ; তাহলে প্রশ্ন কেন ? প্রশ্ন এ জন্যেই যে, সৃষ্টির অবয়বে নিজের প্রক্ষেপন এমন একটি সাধনাসাপেক্ষ দুরূহ প্রক্রিয়া যা অবিরাম অনুধ্যান ও প্রচুর সময়ের মুখাপেক্ষী, অর্থাৎ তাৎক্ষণিকতার দায় মেনে চলা তার পক্ষে একান্তই অভাবনীয় । অথচ নজরুল এমন এক কবি পুরুষ যিনি অজস্র তাৎক্ষণিকতার সম্মিলিত যোগফলে নির্মিত হয়েছেন বলে মনে হয় । তবে কি ব্যাপারটা এই : যা তিনি বলছেন তা নিজস্ব গভীর থেকে উত্থিত নয়, প্রয়োজনের তাগিদ থেকে বলা ? তেমন হওয়াও অসম্ভব নয় ; কিন্তু এক্ষেত্রে অসম্ভব এ-কারণে যে, তাঁর কবিতাশরীরের আবেগ আমাদের বিশ্বাস করতে বাধ্য করে যে, সবই তার বোধ ও বোধীর সত্য । এমন কী করে সম্ভব হয় ? অথচ নজরুলের সম্ভব হয়েছিল । আমরা যদি তাঁর কবিতা ও গান নির্মাণের বাস্তব ভিত্তিগত ইতিহাস পরিপ্রেক্ষিত না জানি, তাহলে এক মুহূর্তের জন্যেওসন্দেহ হয় না তাদের ভিতরে সঞ্চারিত কবির উপলব্ধিগত সত্যতা সম্পর্কে, এমনই তাদের প্যাশন ও সংক্রমণ-ক্ষমতা । গোলমালে পড়ি তখনই যখন তাদের রচনা-ইতিহাস জেনে যাই । একই সংগে বর্তমান মুহূর্তের দাবী ও নিজস্ব হৃদয়ের কণ্ঠস্বর একীভূত করার কৌশল কি তাঁর স্বভাবেই নিহিত ছিল ? রবীন্দ্রনাথের অন্ততঃ ঠিক ঐভাবে অতখানি ছিল না । স্বভাব নিশ্চয়ই ; নইলে প্যাশনের ঐ গনগনে আঁচে তাঁর জঙ্গী ও প্রেমের কবিতায় জড়িয়ে থাকে কীভাবে ?

নজরুল জন্মেছিলেন সম্পূর্ণত চারণকবির স্বভাব নিয়ে । যথার্থ অর্থে বাউল । রবীন্দ্রনাথের মনের ভিতরে বাউল ছিল, কিন্তু বাউলের জীবন চর্চ্চার নিষ্ক্রিয় আয়াসহীনতা তাঁর প্রতিভা ও স্বভাবের একেবারেই অনাত্মীয় । রবীন্দ্রনাথের অনেক ছিল, তবু তিনি কোনো কিছুরই অপচয় করেননি । নজরুল-প্রতিভার শাবল্যই এখানে যে হেলাফেলাতেই সারা বেলা কেটেছিল তাঁর । তবু যা রয়ে গেল তাও অনেকখানি ।

(পূর্বে প্রকাশিত)

অধ্যাপক ও বিশিষ্ট নজরুল গবেষক (জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ)

দিশারী

রীটা (শফিউল্লাহ) আলী

Nazrul playing a flute.

ওগো কবি :
তুমি অগ্রপথিক! তুমি ভয়হীন!
তোমার যুগের সীমানা পেরিয়ে
তুমি পৌঁছে গেছ নব দিগন্তে
তোমার পদচিহ্ন অনুসরণ করে
অনেক দ্বিধাদন্দের পথ পেরিয়ে
আমিও চলে এসেছি ছায়ার মত।

ওগো কবি :
চেতনার গভীরে আমিও স্বাধীনতা প্রিয়
অমারও ইচ্ছে করে থাকতে মুক্ত প্রাঙ্গনে
কিন্তু তোমার মত দুঃসাহসী আমি নই
তাই পারিনি বিদ্রোহ ঘোষণা করতে।
আমি হার মেনে সব সয়ে রয়ে গেছি
এই রুগ্ন ভারাক্রান্ত সমাজের অধীনে।

ওগো কবি :
তোমার উজ্জ্বল আলোকিত নতুন পৃথিবীতে
আমাকেও নিয়ে যাও তুমি দিশারী হয়ে
তোমার বাণী আমাকে অনুপ্রেরনা দেবে
তোমার সাহসীকতা আমায় শক্তি দেবে
নতুন জীবনের প্রতিশ্রুতি তুমি দেবে।
সমাজের সব বাধাকে উপেক্ষা করে
আমিও যে চাই প্রাণের সব সত্তা দিয়ে
বেচে থাকার আনন্দকে উপলব্ধি করতে!

সর্বকালের নজরুল: সার্বজনীন সত্ত্বায়

কামাল আহমেদ

বাঙালীদের এক মজ্জাগত স্বভাব, বিশেষ অভিধায় কিম্বা বিশেষণের ব্র্যাকেটে কাউকে বন্দী করে সেটা নিয়ে জাবর কাটা । আজকে আমরা ভাগ্যের ও জীবীকার তাড়নায় সারা বিশ্বময় চষে বেড়ালেও আসলে তো আমরা সবাই পল্লীবাংলার মাটির সন্তান । সারা দেশটাই পল্লী । কিন্তু মাত্র একটি মানুষের গায়েই দীর্ঘকাল সেই লেবেল চাপিয়ে আমরা খালাস । তিনি আমাদের কালের কাব্যের একতারা - আত্মভোলা অবিস্মরণীয় কথক পল্লীকবি জসীমউদ্দিন । ব্যাস, ওই নামেই তিনি চিরদিনের জন্য চিহ্নিত এক বন্দী ও বিশাল প্রতিভা । যিনি শুধু আমাদের অবহেলিত ক্লিষ্ট পল্লীকে নয় বরং তৃণমূলে প্রোথিত বাঙালীর রুটস এর সন্ধান দিয়েছিলেন । আমাদের হেরিটেজকে কি চমৎকার নিখুঁত নৈপুণ্যে তাঁর অনবদ্য কাব্যময় ভাষার ঘনবুননে বিশ্বের বিমুগ্ধ রসগ্রাহীদের পরিবেশন করে গেছেন তিনি । উন্নত দেশে জন্মালে বাংলা সাহিত্যের কালের এই রাখাল জসীমউদ্দিনের কাব্য গবেষণায় কতশত ডক্টর বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে নিমগ্ন থাকতো । অথচ এমন এক প্রতিভাকে আমরা সেকেলে পল্লীকবি টাইটেল দিয়ে বসে আছি ।

Nazrul the musician

অতীতে এক সময় পাকভারত রক্তক্ষয়ী যুদ্ধের পরে পরেই কোলকাতায় উপস্থিত জসীমউদ্দিনকে নিয়ে সারা পশ্চিমবাংলার আন্তরিক সম্বর্ধনায় তুমুল তোড়জোড় আজও মনে পড়ে, যুক্তফ্রন্টের পক্ষ থেকে সেই প্রথম তাকে কোলকাতার পৌরসভায় বিপুলভাবে সরকারী নাগরিক সম্বর্ধনা দেয়া হয় । সেবারের সেই গনসম্বর্ধনায় দেখা গেছে সামান্য এক ফল বিক্রেতাসহ কবি, শিল্পী, সঙ্গীতকার, অধ্যাপক, গায়ক, গবেষক সমাজের সর্বস্তরের মানুষের অংশগ্রহন কেউ বাকী ছিলেন না । তাঁর সেই অচিন্তনীয় কদর দানের এক অক্ষম সাক্ষী ছিলাম আমি । দেখেছি একদা ফরিদপুরবাসী এক মধ্যবিত্তের সন্তান, আজকের বিশ্বখ্যাত বাঙালী চিত্রপরিচালক মৃণাল সেনকে তাঁর পরিবারসহ কবির পদস্পর্শ করে দোয়া চাইতে । তাদের পরিবার ফরিদপুরে কবির প্রতিবেশী ছিলেন । কিশোর কবি জসীমউদ্দিনের খেয়ালী বাউল স্বভাবে মৃণালের বাবা আদর করে ডাকতেন তাকে সাধু । কৈশোরে জসীমউদ্দিন সাধু নামেই পরিচিত ছিলেন ।

বিশ্বে বাঙালীর আর এক গর্ব ও অহংকার প্রয়াত চিত্রস্রষ্টা সত্যজিৎ রায়ের একান্ত আগ্রহে আমি সেবারে কবিকে নিয়ে গিয়েছিলাম তাঁর কোলকাতাস্থ বিশপ লেফরয় রোডের খান্দানী ফ্ল্যাটে । প্রথম সাক্ষাতের আবেগী সেই মুহূর্তের সাক্ষী আমি আর সত্যজিৎ পত্নী বিজয়া বৌদি । দুই প্রতিভাধর বাঙালীর সে এক অবিস্মরণীয় সাক্ষাৎকার । সত্যজিৎ রায় অনেক্ষণ কবির নক্সীকাথার মাঠ, সোজনবাদিয়ার ঘাট এবং তাঁর বিখ্যাত কবর কবিতাটি নিয়ে আলোচনা করতে করতে একসময় তার গুরুগম্ভীর কণ্ঠে কবরের প্রায় বিশ লাইন আবৃত্তি করে গেলেন অনায়াসে । সেই বিশেষ মুহূর্তে বিমুগ্ধ শ্রোতা আমরা তিনজন - জসীম ভাই, আমি এবং মিসেস বিজয়া রায় । আজও সেই স্মৃতি অম্লান ।

কবিকে সেবার আমি নিয়ে গিয়েছিলাম পরম শ্রদ্ধেয় গণসঙ্গীত স্রষ্টা সিলেটের সন্তান স্বর্গতঃ হেমাঙ্গ বিশ্বাসের গোবরা গোরস্থানের নিকটস্থ বাসভবনে । সেখানে তাঁকে সম্বর্ধিত করা হয় । ভারতখ্যাত পল্লীসঙ্গীত গায়ক নির্মলেন্দু চৌধুরীর বেনেপুকুর রোডের বাসাতেও এক সময় কবিকে নেয়া হয় । বলা বাহুল্য কবিকে বিপুলভাবে এই ধরনের আন্তরিক পরিবেশে পুরস্কৃত ও সম্বর্ধনা দেয়া হয় । কোলকাতা এবং আশেপাশের বহু জনসভা সংস্থা এবং জনপদে কবিকে নিয়ে সম্বর্ধনা জ্ঞাপনের যেন এক প্লাবন বয়ে যায় । কবি সেবারে মাসাধিক কাল ছিলেন কোলকাতায় । তাঁর বন্ধু এবং বেঙ্গল পাবলিশার্স এর কর্ণধার বিখ্যাত সাহিত্যিক শ্রী মনোজ বসুর বালিগঞ্জস্থিত বাসাতে । বলা বাহুল্য পাকিস্তানী সরকার তাঁর এই সম্বর্ধনাকে ভালো চোখে দেখে নাই । যে কারনে কবিকে বহু ঝামেলা পোহাতে হয় ।

পাঠক মনে করবেন না, নজরুল প্রসংগে জসীমউদ্দিনকে নিয়ে আমার এত ধানাই পানাই কেন ? যাদের কথা বলেছি এই আলোচনায় তাঁরা আজ অনেকেই এই বিশ্ব সংসারের মায়া ছেড়ে চলে গেছেন । কথার পিঠেইতো কথা আসে, আর স্মরণীয় বরণীয় মানুষদের কথাতো স্মরণ করা পুণ্যের কাজ ।

পল্লী কবি জসীমউদ্দিনের মতোই আমরা নজরুলের ন্যায় এক বিশ্বমানের বিপ্লবী চেতনা ও দর্শনের দিশারীকেও বিদ্রোহী অভিধায় ও উচ্চারণে অভ্যস্থ হয়ে পড়েছি । অথচ বাঙালী জাতীর বিশেষ করে বাঙালী মুসলমানের সার্বিক জীবনযাপনে এবং সাংস্কৃতিক ধ্যানধারণার কোন অংশে নজরুলের সৃষ্টির আলোতে উদ্ভাসিত হয়নি ? প্রাতঃস্মরণীয় বিদ্যাসাগরের পুণ্যস্পর্শে যেমন বাংলার সমাজ জীবনের মুক্তি ঘটেছিল এবং দিকপাল সৃষ্টিধর কবি মধুসুদন দত্তের হাত ধরে বাঙালীর কাব্য জগতের শৃঙ্খল মোচন হয়েছিল তেমনি নজরুলের বলিষ্ঠ এবং প্রত্যয়ী দিকনির্দেশনাতে আমাদের সনাতনধর্মী ধ্রুপদী জটিল কাব্যধারার রুদ্ধগতি হাঁচকা টানেই অনর্গল হয়ে পড়েছিল এবং প্রবল ধারায় গণমানুষের কাছে পরিবেশিত হয়েছিল । কবি নজরুল কাব্যজগতের কৃপণ কশাকদের কাছ থেকে কেড়ে নিয়ে তাকে জনগণের পাতে পরিবেশন করেছিলেন, যা নাকি রবীন্দ্রনাথের মত হিমালয়স্পর্শী ব্যক্তিত্যের পক্ষেও সম্ভব হয় নাই । প্রকৃতপক্ষে বাংলা কাব্যকে অবক্ষয়ী ও গণবিমুখ অতি প্রতিক্রিয়াশীল শাস্ত্রীয় ষড়যন্ত্র থেকে উদ্ধার করে তাকে প্রগতির পরিশ্রম উজ্জল পথে পরিচালিত করেছিলেন নজরুল ইসলামই । আর কেউ নয় । ধ্রুপদাঙ্গের রাগ সংগীতের কূটচালময় কায়দা কসরত থেকে নজরুলই সাহসী সেনাপতিত্বে আমাদের কাব্যসংগীতকে সমঝদার সাধারণ পাবলিকের প্রিয় ঠুমরি ও গজলের সহজিয়া মানবিক মহফিলে পেশ করেছিলেন । এ দায়ীত্ব স্বয়ং রবীন্দ্রনাথও পালন করতে পারেননি বোধ হয় তার কুলীনকুল সমৃদ্ধ রাজসিক অবস্থানের কারণে । নিঃসন্দেহে এক্ষেত্রে তার চেয়ে নজরুলের অবদান অগ্রগণ্য ।

ওরা কাজ করে বলেই রবীন্দ্রনাথ যেখানে তফাৎ বাঁচিয়ে স্তব্ধ হয়ে যান নজরুল সেক্ষেত্রে সেই পাষাণ অচলায়তনকে ভেঙ্গে জনগনের প্রত্যাশা ও প্রাপ্তির পত্রাকার মিছিলে সামিল হয়েছিলেন । তিনি ডাক দিতে পেরেছিলেন কারার ঐ লৌহকপাটকে ভেঙ্গে চুরমার করে দিতে । আজকের বহু পরিচিত ঋণখেলাপী কালো টাকার মালিকদের পূর্বসুরীদের ব্যাভিচারের বিরুদ্ধে নজরুলই রুখে দাড়িয়েছিলেন এবং শোষক ও শাসকদের মহলের ভীৎ খসিয়ে দিয়েছিলেন । তার পূর্বে সম্ভবতঃ ভারতবর্ষে আর কেউ মজলুম জনগণের সৃপক্ষেতার মতো সাহসী ভূমিকা গ্রহণ করেননি । কোন ঢাকঢাক গুড়গুড় তাঁর স্বভাবে ছিলনা । কপটহীন এক হিমালয় প্রমাণ সাচ্চা আপোষহীন চির সংগ্রামী পুরুষ ছিলেন তিনি । তাঁর কালে সারা বিশ্বেই তেমন অকুতভয় কবি, সাংবাদিক, নাট্যকার, সমালোচক, গীতিকার, অভিনেতা,

অনুবাদক, সংগীতস্রষ্টা এবং সমাজ সংগঠক নেতা কি আর কেউ ছিলেন ? রাজনৈতিক নির্বাচনেও কবি হিসেবে সারা ভারতে সম্ভবত তিনিই প্রথম অংশগ্রহণ করেছিলেন তার সামাজিক ও রাজনৈতিক দায় দায়িত্ব পালনের জন্য । ফলাফল যাই হোক এতে তার কৃতিত্ব ও অসীম সাহসের পরিচয়ই মুখ্য । কারান্তরালে একারনেই বোধ হয় কবির স্বাস্থহানির আশঙ্কায় আশঙ্কিত কবিগুরু রবীন্দ্রনাথকেও বিচলিত হতে দেখি আমরা । এতেই আমাদের সার্বিক জীবনে নজরুলের অবদানের মুল্যবান গভীরতার আঁচ করা যায় ।

একদা বৃটিশ বিরোধী ভারতব্যাপী আন্দোলনে বিপ্লবী বাঙালী তথা অনুশীলণ, যুগান্তর, এবং সূর্যসেনের গেরিলা যোদ্ধারা বাংলার বৃহত্তর জনগোষ্ঠী মুসলমান শ্রমিক কৃষক আপামর জনতার ছোঁয়াচ এড়িয়ে এক অদ্ভুত অশুভ সাম্প্রদায়িক চেতনালিপ্ত যে বিপ্লব ঘোষনা করেছিলেন এবং যে আদর্শের শোচনীয় পতনের ইতিহাসও আমাদের জানা, তারাও শ্রেণী এবং দল নির্বিশেষে নজরুলকেই তাদের প্রেরণার উৎস জ্ঞান করতেন । এই ইতিহাস আমাদের সবারই জানা । সুতরাং নজরুলের কলম থেকেই অভয় বাণী স্বাভাবিকভাবেই উচ্চারিত হয়েছিল - ওই নুতনের কেতন উড়ে _ তোরা সব জয়ধ্বনি কর । বড় দুঃখের কথা এমন এক প্রতিভার মুল্যায়ন তৎকালে তার স্বজাতি মুসলমানরাও করেননি এবং হিন্দু বাঙালীরাও করেননি । বলতে গেলে উভয় সম্প্রদায়ের কাছেই তিনি উপেক্ষিত হয়েছিলেন । অথচ কে না জানে সাম্প্রদায়িকতার শক্ত পাঁচিলকে একমাত্র তিনিই তার দুর্মদ সাহস ও শপথে একক চেষ্টায় ভেঙ্গে দিয়েছিলেন । এ ব্যাপারে তাঁর আর দ্বিতীয় দোসর নেই ।

তাঁর পরম হিতাকাঙ্খী, ফিলোসফার এবং ফ্রেন্ড ভারতীয় কম্যুনিষ্ট পার্টির প্রতিষ্ঠাতা পিতা কমরেড মুজাফফর আহমেদ ওরফে কাকাবাবু বহুবার বলেছেন কম্যুনিষ্ট সোভিয়েতের বাইরে বিশ্বে তিনিই প্রথম বাঙালী কবি এবং গীতিকার যিনি কম্যুনিষ্ট দের বিখ্যাত ই'টারন্যাশনাল সঙ্গ- এর যথার্থ অনুবাদ এবং সুরারোপে অসীম দক্ষতার দৃষ্টান্ত রেখেছেন । এশিয়াতে সম্ভবতঃ তিনিই এর প্রথম অনুবাদকারী । সে সময় তিনি কাকাবাবুর সংগে কোলকাতা তালতলা অঞ্চলে একই মেসের সংগী এবং বঙ্গীয় মুসলিম সাহিত্য সমাজ কেন্দ্রে একত্রে সাহিত্য চর্চাও করতেন । আজ কে না জানে সেই স্মরণীয় বিশের দশকে প্রতিষ্ঠিত উপমহাদেশের কম্যুনিষ্ট পার্টির প্রতিষ্ঠাতাদের প্রথম পাঁচজনের মধ্যে নোয়াখালী মুসাপুর নিবাসী কমরেড মুজাফফর আহমেদ, কমরেড অমৃতপদ ভাঙ্গে (বম্বে), কমরেড আব্দুল হালিম (বর্ধমান), কমরেড রাজ্জাক খান (বশিরহাট), এবং কবি নজরুল ইসলামও ছিলেন অন্যতম । পার্টির গোঁড়াপত্তনের প্রাক্কালে সংবিধান, সনদ এবং ই'টারন্যাশনাল সঙ্গ- এর গুরুত্বপূর্ণ অনুবাদে সেদিন নিশ্চয়ই বিশ্ববিপ্লবী লেনিনের অনুমোদন ছিলো । তা নাহলে কবিকে এ দায়িত্ব দেয়া হতো না । অনেকের ধারনা কবির অন্যতম হিতৈষী প্রিয় বান্ধব মুজাফফর সাহেবের মাধ্যমে লেনিনের সংগে তার একটি সম্পর্ক হয়তো স্থাপিত হয়েছিল । অবশ্য এটি আজকে গবেষণার বিষয় । কেননা মুজাফফর আহমেদ কর্তৃক রচিত নজরুল ইসলামের বৃহৎ জীবনী গ্রন্থে তেমন কোন উল্লেখ আমরা দেখি নাই । ভারতে তখন পার্টির সমস্ত কাজকর্মই লেনিনের গোচরে ছিল বলেই অনুমান করা হয় । এর প্রমাণও আছে ।

কবিপত্নী প্রমিলা নজরুল মুজাফফর আহমেদকে আমৃত্যু তার বড়ভাইএর শ্রদ্ধায় বরণ করে গেছেন । কবির সংগে তাদের বিবাহ দিনে প্রতি বছর যথারীতি অসতিপর বৃদ্ধ মুজাফফর সাহেব হাজির থাকতেন । শয্যাশায়ী পঙ্গু অবস্থাতেও সরকারী বরাদ্দ ফ্লাটে পুত্র সানি (সব্যসাচি)কে দিয়ে গুরুজন তুল্য মুজাফফর সাহেবকে কবিপত্নী ডাকিয়ে এনে আশির্বাদ কামনা করতেন । এই মনোরম রীতিটির কোনদিন ব্যাত্যয় ঘটেনি কাকাবাবুই বলেছেন । কম্যুনিষ্ট মতাদর্শে সরাসরি না হলেও নজরুলের যে গভীর আস্থা ও দুর্বলতা ছিলো সেটা প্রমাণিত হয় সব্যসাচি ডাক নাম (সানি) করণে এবং অনিরুদ্ধের ডাকনাম (নিনি) দিয়েছিলেন কমরেড মুজাফফর আহমেদই । সানইয়েৎসেনের নামে সানি এবং লেনিনের নামে নিনি এ নামেই তারা দুভাই জীবনের শেষ দিন পর্যন্ত কাটিয়ে গেছেন । কোলকাতার বিশাল গোবরা গোরস্থানে তাদের পিতৃবন্ধু এবং শ্রদ্ধেয় গুরুজন কমরেড মুজাফফর আহমেদের কবরের অনতিদুরেই কবিপুত্র সব্যসাচি এবং অনিরুদ্ধ আজ শায়িত ।

সারাবিশ্ব জানে কবি এখন ঢাকাতে সমাধিস্থ । কিন্তু তাঁর চিরসঙ্গীণী প্রিয়পত্নী প্রমিলা হয়তো কাঁদছেন স্বামী বিরহে সুদুর চুরুলিয়ার কবরগাহে । পাশের শুন্য কবরটি কবির জন্য চির প্রতিক্ষায় কাঁদে । কবির মৃত্যুর পরে সবাই জানেন কোন প্রকার সৌজন্য রক্ষার তোয়াক্কা না করেই রহস্যজনক তড়িঘড়িতে তৎকালিন প্রেসিডেন্টের আদেশে কবির লাশ সমাধিস্থ করা হয় । তাঁর পুত্রদের অনুমোদন বিনাই । কবির লাশ দাফন করবার পরে কবিপুত্র সব্যসাচি ঢাকায় পৌছেছিলেন এবং তার জন্যে অপেক্ষা না করায় নিদারুন ক্ষোভ প্রকাশ করেছিলেন ।

অনেকেই মনে করেন কবির বোধ হয় উচ্ছৃঙ্খল জীবন যাপনের কারণেই তিনি রোগাক্রান্ত হয়েছিলেন । যৌন সম্পর্কটিও অনেকে এই প্রসংগে টেনে থাকেন যা সম্পূর্ণ মিথ্যা । আবেগপ্রবণ কবি বেহিসাবী ছিলেন এবং অকৃপণ থাকার ফলে অসময়ে তার তেমন সঞ্চয় ছিল না, খুব উদার পরহীতব্রতী খোলামেলা দিলদরিয়া স্বভাবের ছিলেন বলে অনেকেই তাঁর চরিত্রকে সন্দেহ করতেন এবং তাঁর জনপ্রিয়তায় ঈর্ষান্বিত হয়ে বিরুদ্ধ রটনায় পিছপা হতেন না । সেকালে তাঁর অসংখ্য গুণমুগ্ধ প্রিয়পাত্র তার সান্নিধ্য কামনায় অহরহ চারপাশে ঘুরতেন । কবি যেমন তাদের বারণ করতে পারেননি তার স্বভাবজাত মায়ামমতার কারণে তেমনি অসংখ্য মহিলা স্তাবকদেরও তিনি নিবৃত্ত করতে পারেননি । সেটা কি তাঁর দোষ? তাঁর মত একজন অতি আকর্ষণীয় জনপ্রিয় মানুষের সৃষ্টি বৈচিত্রে মহিলা পুরুষ নির্বিশেষে সান্নিধ্য কামনা করতে গিয়ে কোন না কোন অঘটন ঘটাতেই পারেন । তাতে কবির করণীয় কি থাকতে পারে? অসুস্থ কবির তখনকারের চিকিৎসক বিখ্যাত নিওরলজিষ্ট পাবনার সন্তান বর্তমান কোলকাতা নিবাসী ডাঃ অরুন বাগচী কবিকে ভিয়েনায় বিশ্বখ্যাত শল্যচিকিৎসকদের দ্বারা পরীক্ষা করিয়েও ব্যর্থ হন এবং অগত্যা কবিকে নিয়ে তারা দেশে ফিরে আসেন । এ ব্যাপারে তার মতামত এখনও যাচাই করা যেতে পারে ।

আমরা গুজব শুনেছি মেদিনীপুরের কোন এক ধনী রক্ষণশীল জমিদারের গৃহবধু তাঁর কাব্যে এবং গানে আকর্ষিত হয়ে গহণা ছুঁড়ে দিয়েছিলেন এবং পরবর্তীতে তিনি নাকি আত্মহত্যাও করেছিলেন । কিন্তু এসবই পরবর্তিতে গালগল্প প্রমাণিত হয় । সর্ব গুণে গুনান্বিত সেই অসাধারণ গুণী মানুষটির কোন সামাজিক স্খলনের রগরগে সংবাদ সেদিনকার পত্রিকাতে ছাপা হতে কি বাকি থাকতো ? কৈ তেমন তো কোন দৃষ্টান্ত নেই ।

তাঁর প্রিয় বন্ধু মুজাফফর আহমেদের কাছেই আমাদের শোনা যে তিনি খুবই দায়িত্বশীল পিতা এবং প্রেমময় স্বামী ছিলেন । প্রমিলার প্রতি তাঁর প্রগাঢ় ভালবাসা বহুবার প্রমাণিত হয়েছে । তিনি কোনদিন সংসার বিবাগীও ছিলেন না । সন্তানদের প্রতি তিনি অপরিসীম স্নেহকাতর ছিলেন তার প্রমাণ বুলবুলের অকাল মৃত্যুতে তাঁর মর্মান্তিক শোক প্রকাশ । পুত্রশোকে দিশাহারা কবি অবশেষে পরাবাস্তব অলৌকিক দর্শনের দিকে ঝুঁকে পড়েন । তাঁর উপার্জন সেকালে গান রচনা, চিত্রনাট্য সুরারোপ ইত্যাদি মহল থেকে কম ছিলনা । অথচ তিনি স্থাবর কোন সম্পত্তি ঘরবাড়ী ইত্যাদি না করে সন্তানদের খুশীর জন্য গাড়ী কিনেছিলেন । সন্তানদের প্রতি তাঁর দুর্বলতা এবং সংসারের প্রতি তাঁর কর্তব্য নিষ্ঠা এতেই প্রমাণিত হয় । জানা গেছে তিনি নিয়মিত চুরুলিয়াতে তাঁর আপনজনদের অর্থও সাহায্য করতেন ।

একথা সবাই জানেন আজ, বহু প্রকাশক দুঃসময়ে তাঁর সংগে চরম বেঈমানী করেন এবং তাঁর সাহায্যে কেউই হাত বাড়াননি । নিঃস্ব ও হতাশাগ্রস্থ দিকশুন্য নিরুপায় কবি নবযুগ ও কৃষক পত্রিকার সুযোগ্য সম্পাদক হিসেবে অবশেষে বাংলার প্রধানমন্ত্রী শেরে বাংলা ফজলুল হকের কাছে সাহায্য প্রার্থী হন । কিন্তু পরিতাপের বিষয় কবির মত দুঃস্থ অথচ এক অনন্য প্রতিভার মুল্যায়নে শেরে বাংলাও অভাবনীয় ব্যর্থতা এবং অবহেলার পরিচয় দেন । কবি খুবই মর্যাদা সচেতন মানুষ ছিলেন ফলে এই তাচ্ছিল্য তাঁকে শেষ পরিণতির দিকে ঠেলে দেয় । অগত্যা সেই দিনে তাঁকে সাহার্য করতে এগিয়ে আসেন স্যার আশুতোষ মুখার্জির সন্তান এবং বিখ্যাত পার্লামে'টারিয়ান ভারতের একদা সাম্প্রদায়িক রাজনীতির অন্যতম প্রতিষ্ঠাতা প্রয়াত শ্যামাপ্রসাদ মুখার্জি । কাজী নজরুল ইসলাম তার কাছে প্রতিভাত হয়েছিলেন হিন্দু মুসলিমের উর্ধে এক বিশ্ব প্রতিভা । কাব্যলক্ষীর বিস্ময়কর বরপুত্র । ক্ষণজন্মা এক সর্বকালের শ্রেষ্ঠ বাঙালী ।

নজরুল ইসলাম আজও তাই । আজ সারা বিশ্বময় ছড়িয়ে থাকা বাঙালী আমরা আবহমানকাল তাঁকে, তাঁর আদর্শের অনির্বান শিখাকে বহন করে যাবো ।

বিতর্কিত নজরুলের গানের সুর ও কিছু চিন্তা ভাবনা

মোঃ গোলাম সোহরাব (নিউইয়র্ক)

সাম্প্রতিককালে শিল্পী ও শ্রোতার মাঝে একটি বিতর্কিত প্রসঙ্গ, কাজী নজরুলের গানের সঠিক ও বিকৃত সুর । এই প্রসঙ্গ নিয়ে গানের শিক্ষক, ছাত্র/ছাত্রী, শ্রোতা সাধারণ, শিল্পী, স্বরলিপিকার ও সঙ্গীত প্রতিষ্ঠান সমুহের মাঝে আজকাল লক্ষ করা যায় দ্বিধা ও দ্বন্দ । বিষয়টি নিয়ে দেশ স্বাধীন হবার পর থেকেই বিতর্ক চলে আসছে অথচ এর সঠিক সমাধানের পথ বা নির্দেশ আপামর জনগোষ্ঠীর কাছে সহজে গ্রহনযোগ্য হয়ে উঠছে না । জাতীয় কবির সৃষ্টি সংরক্ষনের উদ্দেশ্যে বাংলাদেশ "নজরুল একাডেমী" প্রতিষ্ঠিত হয়েছে ব্যক্তিগত উদ্যোগে বহুপূর্বেই । পরবর্তিতে সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশ নজরুল ইউনিভার্সিটি । দুটি সংস্থারই উদ্দেশ্য এক ও অভিন্ন । এরা চেষ্টা করছে, নজরুল সৃষ্ট গান ও তার অন্যান্য হারিয়ে যাওয়া রচনাবলী সংগ্রহ করে তার সৃষ্টি সংরক্ষণ এবং মাঝে মাঝে প্রবীন, প্রতিষ্ঠিত ও অভিজ্ঞ নজরুল সঙ্গীত শিল্পী সমন্বয়ে গঠিত কমিটি কতৃক অনুমোদিত গানের স্বরলিপি প্রনয়ন, যাতে করে আমাদের ভবিষ্যৎ বংশধরদের নজরুল সঙ্গীত অনুশীলনে সাহায্য করা যায় এবং নজরুলের গানের সুরে কোন পরিবর্তন বা বিকৃতি না আসে । এই সংস্থা দুটি কাজ করে আসছে দীর্ঘদিন যাবৎ । কিন্তু তাতে করে কি বর্তমান সমস্যার কোন সমাধানে আসা গেছে? বিগত কয়বছরে কতগুলি গানের স্বরলিপি প্রকাশে তারা সমর্থ হয়েছেন ? খুব বেশী হলে তিনশত না চারশত ? তাহলে বাকী গানগুলোর কি হবে - যখন সর্বত্রই শোনা যায় যে নজরুল রচিত গানের সংখ্যা তিন সহস্রাধিক ? বৃহত্তর বাংলা যখন শুধুমাত্র বাংলাদেশের মধ্যেই সীমাবদ্ধ নয়, তখন ওপার বাংলার মানুষ কি এপার বাংলা প্রণীত নজরুলের গানের শুদ্ধতা এত সহজেই গ্রহন করবে ? ভুলে গেলে চলবেনা যে, কবি কাজী নজরুল ইসলামের সাথে ঘনিষ্ঠ সৌহার্দ বর্তমান বাংলাদেশের দু'একজন হাতে গোনা ব্যক্তিত্বের সাথে হয়ত ছিল কিন্তু নজরুলের সৃষ্টি সংশ্লিষ্ট যাবতীয় বিষয়গুলি ওপার বাংলার সাথেই সম্পৃক্ত বেশী । সুতরাং পুরাণ পান্ডুলিপি/গানের বাণী ও সুর উদ্ধার এবং সংগ্রহের ব্যাপারটি ওপার বাংলার সহযোগীতা ব্যতিরেকে এপার বাংলার মাটিতে বসে কতটা সম্পাদন করা সম্ভবপর হবে ও গ্রহণযোগ্য হবে তা সন্দেহের অবকাশ রাখে ।

যা হোক, এ বিষয়ে কিছু ধারনা করার আগে ইতিহাসের পাতা থেকে আমাদের কিছু স্মৃতিচারণ করলে হয়ত ব্যাপারটি বুঝতে সুবিধে হবে । কবি নজরুল জীবিত ও সুস্থ থাকাকালীন সময়ে যে কাজটি তাঁর করা উচিত ছিল, সেটা সম্ভব হওনি তাঁর ব্যক্তিগত স্বভাব, চঞ্চল চরিত্র, সাংসারিক টানাপোড়ন, উচ্ছৃঙ্খল জীবন যাপন ও তদানিন্তন পারিপার্শ্বিকতার কারনে । তেমন কোন পৃষ্ঠপোষকও সে সময় পাওয়া যায়নি যিনি বা যাঁরা তাঁর সৃষ্টিগুলোকে সুষ্ঠভাবে সংরক্ষন ও সম্পাদন করে রাখবে আগামীদিনের বংশধরদের জন্য । এটা আমাদের দুর্ভাগ্য । নজরুল নিজেও হয়ত জানতেন না যে এত অল্প সময়ের মধ্যে হঠাৎ করে তিনি তাঁর মানসিক ভারসাম্য হারিয়ে ফেলবেন । বিধি তাকে সময় দেয়নি তার অসম্পুর্ন কাজ গুলো সমাপ্ত করার । ফলে অসুস্থ হবার পর উপযুক্ত অভিভাবকের অভাবে তার সৃষ্ট যাবতীয় বিষয়গুলো এতিম হয়ে পড়ে । তার অক্ষমতার সময় তার বিশিষ্ট সন্তানদ্বয় এ ব্যাপারে কোন অবদান রাখতে ব্যর্থ হন । নজরুল জীবিত ও সুস্থ থাকাকালীন, তার রচিত বেশীর ভাগ গানই নিজে সুর করেছেন - আবার মাঝে মাঝে তার ব্যক্তিগত কতিপয় সহচরবৃন্দকেও অধিকার দিয়েছেন তার কিছু কিছু গানের সুর করতে । এদের মধ্যে আছেন কমলদাশ গুপ্ত, জগত ঘটক, গিরীশ চক্রবর্তী প্রমুখ যারা নিজেরাও সুরের রাজ্যে এক একজন বিশেষ দিকপাল । দু'একজন ব্যতিত এদের সবাই আজ প্রয়াত । অজস্র এসব গানের মাঝে তদানিন্তন গ্রামোফোন কোম্পানী যা রেকর্ড আকারে বের করেছে অথবা কবি বা তার সহচরবৃন্দের সাথে সংশ্লিষ্ট সে সময়ের শিল্পীবৃন্দ যারা তাদের কাছ থেকে সরাসরি নিজে গানগুলো শিখেছেন, তারাই বলতে গেলে নজরুল সঙ্গীতের প্রধান ধারক ও বাহক । এদের মধ্যে আছে আঙ্গুরবালা, কাননদেবী, কমলা কারিয়া, ফিরোজা বেগম, আব্বাসউদ্দিন আহমেদ, কে মল্লিক, সত্য চৌধুরী, সন্তোষসেন গুপ্ত, উমাপদবাবু, সৌরী কেদার চক্রবর্তী প্রমুখ । এরাও প্রায় সবাই আজ প্রয়াত দু'একজন ব্যতিত । সময়ের আবর্তে তখন থেকে বর্তমান প্রজন্ম পর্যন্ত নজরুল সঙ্গীত মূলতঃ মানুষের মুখে মুখে ও শ্রবনের মাধ্যমেই আবর্তিত ও পরিবাহিত হয়ে এসেছে । স্বাভাবিক কারনেই সময়ের গতিধারার সাথে আবর্তিত হতে হতে এসেছে নজরুলের গানের সুরে পরিবর্তন ও পরিবর্ধন । যেহেতু লাগাম টেনে ধরার কেউ ছিল না - তাই নজরুল সঙ্গীতের আজকের এই স্বাভাবিক পরিণতি এবং সত্যি কথা বলতে কি আজকের এই অবস্থায় এ সমস্যার সঠিক কোন সমাধান দেয়াও আর সম্ভব নয় । ভবিষ্যতে নজরুল সঙ্গীতের অবস্থান ও যুগের সাথে তাল মিলিয়ে পরিবর্তিত ও পরিবর্ধিত হয়ে কোথায় অবস্থান করবে সেটাও নিশ্চিত করে বলা কঠিন ।

আজ বাংলাদেশে যারা নজরুল সঙ্গীতের অভিভাবক হয়ে নজরুলের গানগুলিকে সুস্থভাবে বাঁচিয়ে রাখার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তারা অবশ্যই প্রশংসার দাবীদার । কিন্তু প্রকৃত সুর সম্পর্কে তাঁদের মধ্যেই আছে শতবিরোধ । এর প্রধান কারন, এদের মধ্যে দু'একজন বাদে অনেকেই নজরুল সঙ্গীত শিল্পী হিসেবে নজরুলের সমসাময়িককালে নিজেরা প্রতিষ্ঠিত অথবা নিবেদিত প্রাণ ছিলেন না । কিন্তু অবিভক্ত বাংলা ভাগ হবার পর থেকেই এরা হয়েছেন এপার বাংলার নজরুল সঙ্গীতের ধারক ও বাহক । তার উপর ২৪টি বছর সাবেক পাকিস্তানী প্রশাসন আমলে অতিরিক্ত বিধি নিষেধ জারী থাকায় নজরুল সঙ্গীত বিকাশে হয়েছে বাধা আর নজরুলের গানে সুরের বিকৃতি হবার সুযোগ হয়েছে প্রসস্ত, শুধুমাত্র মুষ্টিমেয় কিছু ইসলামী গান ছিল এর ব্যতিক্রম । সর্বোপরি যা কিছু এ পর্যন্ত হয়েছে, সবই হয়েছে কালের স্বাভাবিক ধারায় । এ লাগাম কোন কর্তৃপক্ষই টেনে ধরে রাখতে পারেননি ।

এত কিছুর পরও একটা কথা স্বীকার না করে উপায় নেই যে, নজরুলের গান সেটা যে কোন শিল্পী যেভাবেই পরিবেশন করুক না কেন, গানের বাণী ও সুরের অদ্ভুত সমন্বয়, মাধুর্য্য ও সুরের বিশেষ কারুকার্জের বৈশিষ্টতার কারনে আজ প্রায় অর্ধ শতাব্দি পরেও নজরুলের গান ব্যাপকভাবে জনপ্রিয়তা পাচ্ছে ও সমাজে সমাদৃত হচ্ছে । এটাও লক্ষ করা যাচ্ছে যে দিন দিন দুই বাংলাতেই নজরুলের গানের চর্চা বাড়ছে বৈ কমছে না । গানের সুরের তারতম্য বা ব্যতিক্রম জনপ্রিয়তার এই ধারাকে মোটেও প্রতিহত করেনি । সাময়িক স্বাধীনতার কারনে বিভিন্ন শিল্পীর কণ্ঠে একই গান বিভিন্ন খাদে পরিবেশিত হয় বলেও অনেকে মনে করেন প্রকৃত সুরকে বিকৃত করা হয়েছে । আসলে এই বিভিন্ন বৈচিত্রের সুরমুর্ছনায় নজরুলের গানের বৈশিষ্ট এবং এখানেই নজরুলের গানের স্বার্থকতা- যে কারনে আর দশটি গানের মাঝে সহজেই নজরুলের গানকে সনাক্ত করা যায় । আজ দেশে বিদেশে সচেতন নজরুল সঙ্গীত শিল্পীবৃন্দ এ বিষয়ে একটি কাজই করতে পারেন আর তাহলো অন্ততঃ নজরুল প্রচলিত গানগুলোর মুল সুরটি ধরে রাখুন এবং অন্যকে শেখান । একই গানের সুর বিস্তারস্তর সৃষ্টি করলে একাধিক উৎস থেকে পাওয়া প্রকৃত সুরটিকে চিহ্নিত করতে সচেষ্ট হন ও তারপর পরিবেশন করুন । দুর্লভ উৎস থেকে পাওয়া অপ্রচলিত গানগুলোর বিষয়ে আমাদের দায়ীত্ব বড় সীমাবদ্ধ, যেহেতু ওগুলোর বিকৃতি আদৌ প্রমান করা বড় দুরুহ কাজ । সুতরাং অপ্রচলিত নজরুলের গান যদি বিভিন্ন সুরে বিভিন্ন শিল্পীরা পরিবেশন করেন, তাদের নিরুৎসাহী করারও কোন কারন নেই । যেহেতু তারা নিজেরা এসব গানের সুর করেননি বরং কোন না কোন দুর্লভ উৎস থেকেই গানটি শিখেছেন - সেটা রেকর্ড হতে পারে, স্বরলিপি হতে পারে, কোন স্কুল বা ব্যক্তিগত শিক্ষক থেকে হতে পারে, অন্য শিল্পীর পরিবেশনা থেকে হতে পারে অথবা পারিবারিক যোগসূত্র থেকেও হতে পারে । শুধুমাত্র স্মরণ রাখা প্রয়োজন যে, এসব গান পরিবেশনার মধ্যে যেন আমরা নজরুলের গানের সুর বৈশিষ্ট ও বিশেষ স্টাইল খুঁজে পাই যা কিনা অন্যান্য সব সঙ্গীত হতে তাকে পৃথক ভাবে চিহ্নিত করে । যেহেতু নজরুলের সমসাময়িক প্রায় সবাই আজ প্রয়াত, সুতরাং অপ্রচলিত বা অচেনা গানের সঠিক সুর নিরূপণ করতে যাওয়াটা বর্তমানের পরিপ্রেক্ষিতে হবে অবাস্তব । বরং স্বকীয়তা ও বৈশিষ্ট বজায় রেখে নজরুলের নতুন করে পাওয়া হারিয়ে যাওয়া গানগুলির নতুন করে পরিচিতি ও বহুল প্রচার হওয়া উচিত উন্মুক্তমনে । তাহলেই এসব হারিয়ে যাওয়া ধন সবার কাছে গ্রহণযোগ্য হবে এবং তা' কবি কাজী নজরুল ইসলামকে যুগ যুগ ধরে বাঁচিয়ে রাখতে সক্ষম হবে ।

(এপ্রিল ১৭, ১৯৯৮)

কাজী নজরুল ইসলাম

মুশফিকুর রহমান

"মম একহাতে বাঁকা বাঁশের বাঁশরী
আর একহাতে রনতূর্য।"

কবি নজরুলের নিজের বাণীতেই সুস্পষ্ট তাঁর কবি-প্রতিভার ও চরিত্র বৈশিষ্ট্য। কবির লেখায় রয়েছে প্রেম, প্রীতি, স্নেহ, কারুণ্যের নির্ঝর আর তার সাথে রয়েছে সব রকম অন্যায়, অবিচার ও হৃদয়হীনতার বিরুদ্ধে নির্মম আপ্রোশ। জীবনের ব্যর্থতাকে স্বীকার করে নিতে কবি নারাজ, বিদ্রোহীর রক্তচক্ষু নিয়ে তার মোকাবেলা করার সংকল্প করেছেন বারবার। জীবনে ও কাব্যের অনেক ক্ষেত্রেই ব্যর্থতাকে তিনি রোধ করতে পারেননি,

'শীর্ণ করপুট ভরি সুন্দরের দান
যতবার নিতে চাই - হে বুভুক্ষু তুমি
আগে আসি কর পান । শূন্য মরুভূমি
হেরি মম কল্পলোকে।'

Nazrul wearing a swadeshi cap

তবুও নজরুলের সাধনা ব্যর্থ হয়নি। আঘাতে, বেদনায়, দুঃখ-দারিদ্র্যে জর্জরিত কবির আত্মা সব সময়েই ছিল অপরাজেয়। তাইতো চরম সর্বনাশের মুখে বসেও দস্যুরমত দুহাতে লুটে নিয়েছেন ভাবরাজ্যের অমূল্য সম্পদ।
বিরাট মহীরুহের মত সব কিছুকে আচ্ছন্ন করে দাঁড়িয়েছিল রবীন্দ্র প্রতিভা, আর তারই ছায়াতলে আপন বৈশিষ্ট্য নিয়ে দেখা দিয়েছিলেন কাজী নজরুল ইসলাম।

এই বরেণ্য কবিকে যথাযত শ্রদ্ধা ও সম্মান দেওয়ার জন্য ১৯৭২ সনে স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁকে ঢাকায় আনেন। ধানমন্ডির 'কবিভবন' নামে একটি বাড়ীতে তাঁকে রাখা হয়। ১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কবিকে সম্মানসূচক ডি, লিট, ডিগ্রী প্রদান করে। ১৯৭৫ সালে কবিকে বাংলাদেশের নাগরিকত্ব দেয়া হয় এবং ১৯৭৬ এ একুশে পদকে ভূষিত করা হয়। ১৯৭৬ সালের ২৯ শে আগষ্ট কবি ঢাকার পি,জি, হাসপাতালে শেষনিঃশ্বাস ত্যাগ করেন। বাংলাদেশ সরকার তাঁকে জাতীয় কবির সম্মানও দেয়।

কবিকে এটুকু সম্মান জানিয়ে আমরা সান্তনা পেতে চেষ্টা করেছি মাত্র, তাঁর অবদানের প্রতিদান আমরা কি দিতে পেরেছি? আমাদের জাতীয় জীবনে যে বিরাট অবদান তিনি রেখেছেন তা ভাবলে বিস্মিত হতে হয়। দারিদ্র্যকে সঙ্গে নিয়ে জন্মগ্রহণ করলেও দারিদ্র্য তাঁর অন্তরকে কোনদিন স্পর্শ করতে পারেনি। তাঁর কবিতায়, গানে তিনি নির্য্যাতিত মানুষের শোষনমুক্তির যে মর্মবানী শুনিয়েছিলেন তা ব্রিটিশ সরকারের অন্তরাত্মাকে কাঁপিয়ে দিয়েছিল। অনন্যসাধারন প্রতিভাবলে তিনি বাংলা সাহিত্যে যুগান্তর এনেছিলেন, শক্তি দান করেছিলেন বাঙ্গালীর ক্ষীনকণ্ঠে, মহৎ প্রেরনায় উদ্দীপ্ত করেছিলেন জাতিকে। তিনি দেশকে ভালবেসে কারাগারকে বরণ করেছিলেন, সত্যকে শ্রেয় জেনে দারিদ্র্যকে ভূষণ করেছিলেন। দেশকাল সম্প্রদায়ের উর্দ্ধে মানব ধর্মকে স্থান দিয়ে নিপীড়িত মানুষের জয়গান গেয়েছিলেন, শুনিয়েছিলেন সাম্য, স্বাধীনতা ও মানবাধিকারের বাণী। মনুষ্যত্বের লাঞ্ছনা তার প্রাণপুরুষকে বিদ্রোহী করে তুলেছে, 'উৎপীড়িতের ক্রন্দনরোল'ই তাঁকে জুগিয়েছে হাতে লেখনীর তরবারি তুলে নেবার প্রেরনা -,

" পরোয়া করিনা বাঁচি বা না বাঁচি যুগের হুযুগ কেটে গেলে,
মাথার উপরে জ্বলিছেন রবি রয়েছে সোনার মত ছেলে।
প্রার্থনা কর - যারা কেড়ে খায় তেত্রিশ কোটির মুখের গ্রাস -
যেন লেখা হয় আমার রক্তলেখায় তাদের সর্বনাশ।"

শ্রেণীবৈষম্য, ধনীদরিদ্রের প্রভেদ, দুর্বলের রক্তশোষন মানবপ্রেমিক কবিকে ক্ষিপ্ত করে তুলেছিল। সমানাধিকারের ভিত্তিতে প্রতিষ্ঠিত সুস্থ মানবসমাজের প্রতিই তার দৃষ্টি ছিল স্থীরবদ্ধ, সমষ্টি মানুষের কল্যানই ছিল তাঁর প্রার্থিত। তিনি বুঝেছিলেন " মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।" অত্যাচারী শাসকের দুঃশাসনের অবসান হোক, গনমুক্তির সংগ্রাম জয়যুক্ত হোক, নিরন্নজনতার দুঃখের রাত্রি কেটে যাক, তাদের সম্মুখে ' নতুন উষার সূর্নদ্বার ' খুলে যাক। কবিতা ও গানের মাধ্যমে বারবার কবি নজরুল এই প্রার্থনাই উচ্চারণ করেছেন। তার শিল্পচর্চ্চা তাই সমাজ সেবারই নামান্তর।

গজল, শ্যামাসঙ্গীত, বৈষ্ণবগীতিকা, দেশপ্রেমমূলক সঙ্গীত ও প্রেমসঙ্গীত রচনায় সঙ্গীতজ্ঞ নজরুল ছিলেন
নিবিষ্টচিত্ত শিল্পীসাধক। তার প্রেমের কবিতায় বিরহের সুর অনুরনিত,

" নাইবা পেলাম বুকে তোমায়
রইবে আমার আখিজলে "। অথবা,
বুঝবে সেদিন বুঝবে,
অস্তপারের সন্ধ্যাতারায় আমার খবর পুছবে।"

নজরুলের অজস্র গজল এবং শ্যামাসঙ্গীত ভক্তপ্রানকে উদ্বেলিত করে। মানবপ্রেমিক নজরুল কুলি-মজুর, নারীকে মহিমান্বিত রূপে ফুটিয়ে তুলেছেন। বাংলার চির দুঃখী চাষীকে উদ্দেশ্য করে দরদীকণ্ঠে বলেছেন, "চাষীরে তোর মুখের হাসি কই ?"

সম্প্রদায়মূলক কিংবা জাতিভেদমূলক কোন প্রশ্ন কবিচিত্তকে সংকীর্ণতার পথে পরিচালিত করতে পারেনি, তাঁর কাছে স্বদেশ ও স্বজাতিই ছিল বড় সত্য। হিন্দু আর মুসলমানকে তিনি বাংলামায়ের দুই সন্তান রূপেই দেখেছিলেন,

" হিন্দু না ওরা মুসলিম ওই জিজ্ঞাসে কোনজন ?
কান্ডারী বল, ডুবিছে মানুষ, সন্তান মোর মার।"

খুব বড় কবি হবার বাসনা নজরুল পোষণ করতেন না। নিজের ক্ষমতার সীমা কোথায় তা তাঁর অজানা ছিলনা। যুগের দায়িত্ব স্বীকার করে নিয়ে বিদ্রোহের সুরে গান বাঁধতে তিনি এসেছেন এবং তাই তাঁর কাছে যথেষ্ট মনে হয়েছে, -

' বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই নবী।'

তাকে মহৎ কবি শিল্পী বা যুগোত্তীর্ণ কবির আসনে আমরা বসাতে না পারলেও এই সত্যটি অবশ্য স্বীকার করে নেব যে একটি জাতির সাময়িক আশা-উদ্দীপনার এমন বিশ্বস্ত প্রতিনিধিত্ব একালের আর কোন বাঙ্গালী কবিই করতে পারেনি। নজরুলের এই উজ্জল অনন্যতা সর্বজনস্বীকৃত। মাত্র তেতাল্লিশ বৎসর বয়সে দুরারোগ্য ব্যাধি তাঁকে স্তব্ধ করে দিল। না হলে তাঁর সাহিত্য সাধনা নিশ্চয়ই আমৃত্যু অব্যাহত গতিতে চলত- বাংলা সাহিত্য তার কাছ থেকে আরও অনেক কিছু পেত।

নজরুল উচ্চভাবনাযুক্ত কবিতা লেখেননি, তাতে কিছু আসে যায়না, যুগেরকণ্ঠে তিনি ভাষা দিয়েছেন - এর মূল্য বড় কম নয়। পরাধীনতার জ্বালার অসহনীয়তা, রাজনৈতিক মুক্তির সুতীব্র পিপাসা, হিন্দু-মুসলমানের সাম্প্রদায়িক ঐক্য, দারিদ্র্যের দুর্বিষহ দুঃখ যে কবি এমন আবেগময়ী ভাষায় বাণীবদ্ধ করেছেন, তাঁকে আমরা অভিনন্দন না জানিয়ে পারছি না ।

নজরুল রচনায় যুগ ও সমাজ

দীপিকা ঘোষ

কোন মনিষীর রচনাশৈলী বুঝতে হলে তাঁর ব্যক্তিক ভাবনাকে সম্যক জানা দরকার। তার মানসচেতনা, সামাজিক পরিমণ্ডল, যুগের পারিপার্শ্বিকতা, ঐতিহাসিক ঘটনাবলী থেকেই জন্ম নেয় তাঁর অভীক্ষা। তাঁর মানস ফসল। নজরুলের জন্ম একটা বিপ্লবের যুগে। এক পরিবর্তনশীল বিশ্বের মহাবিপ্লবের যুগে শুরু হয়েছে তাঁর কৈশর এবং যৌবনের সন্ধিক্ষন। বিশ্বের রাজনৈতিক এবং সমাজজীবনে তখন শুরু হয়েছে গভীরতর পরিবর্তন। শিক্ষিত শ্রেনীর মননশীলতায় ও সার্বিক সহযোগিতায় গনতান্ত্রিক চেতনার উদ্বোধন ততদিনে ঘটে গেছে। দেখা দিয়েছে মানবতাবাদের সাফল্যে গনতন্ত্রের উত্তরণ। বস্তুবিজ্ঞানের জয়যাত্রায় অব্যাহত গতিতে এগিয়ে চলেছে নতুন সভ্যতা। শিক্ষা-সংস্কারে, চিন্তনে-মননে শুরু হয়েছে ইতিহাসের সৃংযুগ। তারই সংগে সারা বিশ্বব্যাপী যুদ্ধোত্তর সংকট দ্রুততর হয়ে উঠেছে বিশ্বযুদ্ধের ফলে। অর্থনৈতিক প্রসারের সাথে সাথে সমাজজীবন হয়ে উঠেছে জটিলতর। কেননা, এই অর্থনৈতিক প্রসারতা কেবল ধনীদের ধনবৃদ্ধি এবং দরিদ্রকে দরিদ্রতর করে তুলছিল মহাজনদের ধনতান্ত্রিক পরিকল্পনায়। এর ফলে সারা পৃথিবীতে ব্যাপক হয়ে উঠেছে বেকার সমস্যা। দ্রুত উত্তাল হয়ে উঠেছে বানিজ্য সংকট।



সারা পৃথিবী ব্যাপী এই সংকটের ফলে আন্তর্জাতিকভাবে সমাজতান্ত্রিক উপায়ে প্রতিকারের উদ্যোগ নেয়া হলেও, এইসব গনতান্ত্রিক কার্যকলাপের অন্তরালেই জেগে উঠলো সাম্রাজ্যবাদী জাতিদের মধ্যে প্রবল প্রতিদ্বন্দ্বিতা। বিশ্বের অর্থনৈতিক বাজার দখলের জন্য দেশে দেশে পরস্পরের বিরুদ্ধে সংগ্রাম। আর্থিক দুর্গতি আর বেকার সমস্যাকে ভিত্তিকরে নির্যাতিত দেশগুলোতে সোচ্চার হয়ে উঠলো অর্থনৈতিক জাতিয়তাবাদ। আর একে কেন্দ্র করে স্বাধীনতা লাভের আকাঙ্খা সুতীব্র হয়ে উঠলো এশিয়া, আফ্রিকা ও ইউরোপের পরাধীন রাজ্যগুলোয়। প্রাচ্য-প্রতিচ্যের এই রাজনৈতিক জাগরনের হাওয়া স্পর্শ করলো ভারতবর্ষকেও।

ব্রিটিশের বিরুদ্ধে ভারতবর্ষের জনসাধারনের জাতীয় চেতনা বৃদ্ধির সাথে সাথে রাষ্ট্রীয় স্বাধীনতা লাভের আকাঙ্খা প্রবল হয়ে উঠলো। ভারতবর্ষের প্রধান দুই সম্প্রদায় হিন্দু-মুসলমানের মধ্যে রাজনৈতিক একাত্মতায় এক অপূর্ব ঐক্য দেখা দিলো বহুকাল পরে। প্রকৃত ভারতীয় জাতীয়তাবাদ মুসলিম জাতীয়তাবাদ এবং হিন্দু জাতীয়তাবাদ থেকে পৃথক। কিন্তু এই জাতীয়তাবাদী চেতনা দীর্ঘকাল স্থায়িত্ব লাভ করেনি ধর্মীয় কুসংস্কারের প্রভেদ সৃষ্টিতে। প্রগতিবিরোধী উভয় সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং ব্রিটিশ সাম্রাজ্যবাদের কূট কৌশলে সাম্প্রদায়িক উন্মত্ততা দুষ্টব্রণের আবর্তের মতো ছড়িয়ে পড়লো সারা ভারতবর্ষে।

নজরুলের রচনায় এই সংঘর্ষবিক্ষুব্ধ জটিলতর সমাজ ও যুগের ছবিই প্রতিফলিত। তাঁর রচনা পর্যালোচনা করলে স্পষ্টতই ধরা পড়ে, প্রকৃতিগত দিক থেকে তিনি যতখানি কবি, মানসিক পর্যায়ে ঠিক ততখানিই সচেতন আকুলতা তাঁর সমাজসংস্কারে। যুগ ও সমাজের নানা পর্যায়ের নিটোল প্রতিফলন তাই তার রচনাসম্ভারে। তার ভালো-মন্দ, সুন্দর-কুচ্ছিত, আলো-অন্ধকারের রূপায়ক হয়েছেন কবি নজরুল, বিদ্রোহী নজরুল, বিপ্লবী নজরুল, সর্বোপরি মানুষ নজরুল। ধর্মসংক্রান্ত সমস্যা নিয়ে মানবিকতার বিপর্যয়কে ক্রোধ ভরে ঘৃনা করেছেন তিনি। সেইসব চরম পন্থীদের প্রচন্ড ভাষায় তিনি ধিকৃত করেছেন, যারা আদর্শ কার্যকলাপের বদলে ধর্ম নিয়ে সন্ত্রাসমূলক ষড়যন্ত্রে লিপ্ত হয়ে জাতির মধ্যে আত্মকলহের সৃষ্টি করে রক্তাক্ত করেছে ভারতবর্ষকে। তাই ধিক্কার দিয়েছেন হিন্দু সমাজের বিভেদের অর্ন্তদ্বন্দ্বকে -

" হঁকোর জল আর ভাতের হাঁড়ি, ভাবলি এতেই জাতির জান ?
তাইতো বেকুব করলি তোরা এক জাতিকে একশ খান !
এখন দেখি ভারত জোড়া পড়ে আছিস বাসী মরা
জাত নেই আজ আছে দেশে জাত শেয়ালের হুক্কাহুয়া !"

নজরুল চেয়েছিলেন সমস্ত কুসংস্কারের শৃঙ্খল ভেঙ্গে প্রাচীন ইতিহাসের রঙ্গমঞ্চ থেকে বেরিয়ে আসুক পরাধীন ভারতের মানুষ।, ব্রিটিশের রাজনৈতিক আচরণ শোষণ ব্যবস্থার মধ্যেই সীমিত থেকেছে বেশী। আত্মকলহের অন্তর্দ্বন্দ্বের অবসান ঘটিয়ে মিলিত হোক ভারত মাতার সন্তান, স্বেচ্ছাচারী বৃটিশের বিরুদ্ধে জাগ্রত হোক তাদের বলবীর্য, এ ছিলো স্বাধীনতাকামী নজরুলের প্রবলতর বাসনা। সমাজজীবনের অতলান্ত রূপবৃত্তের প্রতিছবি তাঁর বৈপ্লবিক চেতনায় প্রতিবাদের প্রকাশে তাই মুখর। নজরুলের বিদ্রোহপ্রবনতা পারিপার্শ্বিক আধুনিক জীবনচেতনাকে উপনীব্য করে নেওয়ার সপক্ষে তাই উজ্জীবিত।

তিনি অনুপ্রানিত হয়েছিলেন, তুরস্কের অন্ধকারাচ্ছন্ন ইতিহাসের অবসানকারী বিপ্লবী 'তুর্কী বীর' কামাল পাশার অদম্য কর্মশক্তি আর বৈপ্লবিক সাংগঠনিক ক্ষমতায়। কামাল প্যান-ইসলামের প্রভাব থেকে মুক্ত হয়ে পাশ্চাত্য রাজনীতিতে দীক্ষিত করে তুরস্কে বিশুদ্ধ 'তুর্কী জাতিয়তাবাদ' প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। ধর্মের দোহাই দিয়ে যারা জনসাধারনকে উত্তেজিত করে তুলতে চেষ্টা চালাচ্ছিলো, তাদের সবাইকে তিনি দমন করেছিলেন কঠোর হস্তে। নারীর অবগুন্ঠন প্রথা তুলে দিয়ে নারী মুক্তি ঘটিয়েছিলেন পাশ্চাত্য সভ্যতার প্রতীক করে। ইসলামের সমস্ত প্রগতিবিরুদ্ধ প্রাচীন প্রথা তুলে দিয়ে জীবনযাত্রার রীতিনীতি বদলে দিয়েছিলেন তিনি।

ভারতবর্ষে রাজনৈতিকভাবে শাসনতন্ত্রের দিক থেকে বহুবার হলেও একটি নির্দিষ্ট সংস্কৃতির দিক থেকে সর্বদাই সে একীভূত, ভারতের অন্যান্য মনীষীদের মতো নজরুলেরও ছিলো গভীরতম বিশ্বাস। ভারতের হিন্দু, মুসলিম, জৈন, পার্সী, বৌদ্ধ, খ্রীষ্টান সবাইকে ভারতীয় সংস্কৃতির মূল বৈশিষ্ট্যের সংগে অ হওয়ার আবেদন জানিয়েছিলেন তিনি। ভারতিয় জাতীয়তাবাদের উপলব্ধিকে প্রসারিত করতে চেয়েছিলেন মুসলিম লোকমানসের গভীরে। যখন অন্যান্য ইসলামপন্থী দেশগুলো আধুনিক বিশ্বের বৈজ্ঞানিকপন্থী চেতনায় এগিয়ে চলেছে যুগধর্মের সংগে তাল মিলিয়ে, সেই সময় ভারতীয় মুসলিম সাধারন, প্রগতিবিরোধী সংকীর্ণ ধর্মান্ধতার উপায় খুঁজে প্যান-ইসলামিক চিন্তাধারাকে জাতীয়তাবাদ হিসেবে গ্রহণ করতে উন্মুখ। নজরুল তীব্র কষাঘাতে দুর করতে চেয়েছেন তাদের হীণমন্যতা -

" আনোয়ার! আনোয়ার!
যে বলে সে মুসলিম, জিভ্ ধরে টানো তার!
বেইমান জানে শুধু জানটা বাঁচানো সার! "

উনবিংশ শতাব্দীতে পশ্চিম ইউরোপে বড় বড় চিন্তাবিদদের আবির্ভাবে সাহিত্য জগতে, শিক্ষাক্ষেত্রে, অর্থনীতির মতামতে, বিভিন্ন রাজনৈতিক মতবাদ সৃষ্টিতে, ধর্মীয় সংস্কারে মানব জাতির উন্নতি সাধনের পক্ষে একটি নবীন সংস্কৃতিই যেন গড়ে উঠেছিলো। বিজ্ঞান মনস্ক কবি আকৃষ্ট হয়েছিলেন এই শিক্ষা-সংস্কৃতির প্রতি।





Nazrul's drawings in his manuscript.

ইংরেজ দার্শনিক ও অর্থনীতিবিদ জন সুয়ার্ট মিল-এর 'হিতবাদ' এর মূল মন্ত্র- 'সর্বাপেক্ষা অধিক সংক্ষক মানুষের জন্য অধিক পরিমান সুখ শান্তির সংস্থান', এই নীতির আদর্শ ছুঁয়েছিলো কবির সংবেদনশীল বিশ্ববিরাজী হৃদয়কে। তাঁর ক্ষণস্থিতাদীপ্ত রচনায় তিনি তাই চেতনাকে মানবজীবনের উপযোগিতার মেলবন্ধনে বিন্যস্ত করতে চেয়েছেন। চেয়েছেন সবার স্পর্শে জীবনের নিত্য সত্যে মঙ্গল কলস পূর্ন হয়ে উঠুক চৈতন্যের তীর্থ-নীরে। কিন্তু সমস্ত সম্প্রদায়ের মধ্যেকার বিচ্ছিন্নতাবোধ নিয়ে বিভ্রান্তি মানুষের প্রাণনিকেতনের অনুসন্ধান পায়নি। আর এই ব্যর্থতাই কবির চেতনাকে মথিত করেছে বেদনায়। কবি তাই অমর কাব্য রচনার দায়িত্ব অর্পন করেছেন তাদের ওপর, যারা জগতের যন্ত্রনা, মানুষের যন্ত্রনা সম্পর্কে উদাসীন থেকেও নাস্হানিক নির্যাসে আপ্লুত করতে পারেন নিজেদের। যারা অবচেতনের দুর্জ্ঞেয়তায় সীমাবদ্ধ করতে পারেন মানবিক ভাবনাকে -

'বড় ভাব বড় কথা আসে নাকো মাথায়, বন্ধু বড় দুখে
অমর কাব্য তোমরা লিখিয়ো বন্ধু যাহারা আছ সুখে।'

দর্শনশাস্ত্রের জটিল তত্ত্ব নয়, ধর্মতত্ত্বের অস্বাস্হ্যকর যুক্তিতর্কেও আস্হা ছিলোনা তাঁর। মানিবজাতির প্রাণশক্তিকে সমাজতান্ত্রিক উদারতায় তিনি প্রগতিশীল দেখতে চেয়েছিলেন। নজরুলের সমাজতন্ত্র মানে কেবল শ্রমিকদের স্লোগান কিংবা শোভাযাত্রা নয়। নজরুলের সমাজতন্ত্র মানে 'সাম্যবাদ"। ইউরোপের রাজনৈতিক নেতাদের মতো সমাজতন্ত্র নিয়ে কেবল মতবাদের প্রতিদ্বন্দ্বিতা নয়। সব শ্রেণীভেদ লুপ্ত হয়ে কেবল মানুষের কল্যাণের জন্যই নিয়োজিত যে সহযোগিতার আদর্শ, তাকেই তিনি মনে করেছেন সমাজতন্ত্রের আদর্শ।

নজরুলের মানসিক পর্যায়ের একটি দিকে সমাজ সংস্কারের আকুলতা। অন্যদিকে বিদগ্ধ কবি অন্তর। আধুনিক সাংস্কৃতিক ইতিহাসের সংগে সংযুক্ত হয়েছিলো তাঁর শিল্পসত্তা। জাতীয়ভাবের উদ্দীপনায় তাঁর চেতনার স্তর প্রসারিত হওয়ায় পরিপুষ্টি লাভ করেছিলো জীবনচর্যা। সে জীবনবোধ ভারতীয়ত্বের স্পষ্টতায় ধরা পড়েছে তাঁর কবিতা, গানে, গদ্যে। বৈজ্ঞানিক দৃষ্টিকোন বিশ্বজীবনবোধে যেমন তাঁর রচনায় বিদ্রোহের ঝংকার তুলেছিলো তেমনি তাঁর অন্তরের ঐশ্বর্য ছড়িয়ে পড়েছিলো সুন্দর আর সত্যের পূজারিতে। সত্য আর সুন্দরের পূজারী, নজরুলের সৌন্দর্যবোধ ও আনন্দ আস্বাদন তাই সমাজজীবনে সুন্দরের আবাহন। না নিক চেতনার এই জাগরনে সচেতনভাবেই বহসময় তিনি বিচরন করে ফিরেছেন কোরান-পুরানের জগতে। যদিও তিনি বলেছিলেন- 'মন্দির আর মসজিদ ওই শওতানদের মন্ত্রনাগার'...। কিন্তু মনুষ্যলোকের আলোকে অভিস্নাত জ্ঞানজ্যোতিরূপে শক্তির উৎস যে ধর্ম, তাকে তিনি নিয়ত শ্রদ্ধা জানিয়েছেন বিনম্র চিত্তে। কোরান-পুরান, বাইবেল, ত্রিপিটক, জেন্দাবেস্তা, গ্রন্হসাহেব সবই তাঁর উপলব্ধিতে বিশ্বদর্শনের অনুধ্যান। অন্তরের সংগে অন্তরের আদান-প্রদানের বিশিষ্ট মাধ্যম। যেখানে সাম্প্রদায়িকতা নেই, শ্রেণীভেদের সংর্ঘষ-সংঘাত নেই, আছে কেবল জীবনসাধনার অন্তরতর কথা। এই ধর্মকে বাদ দিয়ে সুন্দর আর কল্যানের অনুভবকে জাগ্রত করা চলেনা।

বহু বিশ্বাসের, বহু বৈচিত্র্যের সাধনায় যে পূর্ণ ব্যক্তিতের বিকাশ, যে ব্যক্তিত বৈচিত্র্যের বীণায় সৃজন করে ঐক্যতান, যার কথা বহুবার বিবেকানন্দ, রবিন্দ্রনাথ তাঁদের মহৎ জীবন সাধনায় বিশ্লেষন করেছেন, সেই পূর্ণাঙ্গ মানুষেরই একজন মানুষ নজরুল। তিনি অখন্ড ভারতের সভ্যতা ও সংস্কৃতিকে মেলাতে চেয়েছিলেন আধুনিক জীবন চেতনার সংগে। কেননা বিশ্বচেতনার সংগে জীবনের সংযোগ না ঘটালে তার রস আস্বাদন করা যায়না। মনুষ্যত্ব বিস্তারের যে স্বপ্ন দেখেছিলেন যুগস্রষ্টা বৈদান্তিক সন্ন্যাসী বিবেকানন্দ সহ পৃথিবীর অন্যান্য মহামনীষী, তারই কথা নজরুল বলতে চেয়েছেন তাঁর অজস্র কবিতা, গল্প ও গানে। কেবল শাস্ত্র সমালোচনা ও তার অন্ধ অনুসরন নয়। এই বহু বিচিত্র পৃথিবীতে আছে বিচিত্রের অনুষ্ঠান, বিচিত্র সংস্কৃতি। আছে বিচিত্র জীবন ভাবনা আর ধর্মীয় জিজ্ঞাসা -

'কোরান, পুরান, বেদ বেদান্ত, বাইবেল ত্রিপিটক
জেন্দাবেস্তা, গ্রন্হসাহেব পড়ে যাও যত সখ।'

কিন্তু মানুষের চিন্তাস্রোত, জীবনছন্দ কেবল ধর্মতন্ত্রের যূপকাষ্ঠে বিসর্জন দিলেই আত্মোপলব্ধির জাগরন ঘটেনা। জাতীয়তাবাদের সংগে বিশ্ববৈচিত্রের ধারাকে মেলাতে পারলে যে বিশ্বসত্যকে উপলব্ধি করা যায়, তাকেই মানববাদী নজরুল আজীবন অনুসন্ধানের আহ্বান জানিয়েছেন ভারতবাসীকে -

'কেন খুঁজে ফের দেবতা ঠাকুর মৃত পুঁথি কংকালে
হাসিছেন তিনি অমৃত হিয়ার নিভৃত অন্তরালে।'

এখানেই নজরুলের কবি সত্তার পরিপূর্ণ সম্মেলন। যুগ ও সমাজের প্রভাবে তিনি রাজনৈতিক চর্চা করেছেন, সমাজ সংস্কারের প্রবল উপযোগিতা বাস্তবে প্রয়োগ করতে চেয়েছেন, সুদেশের স্বাধীনতা কামনা করে তার কল্যান চেয়েছেন। আবার বিচিত্র ধর্ম, বিচিত্র ভাষা, বিচিত্র মানব জাতির মধ্যে ভৌগলিক সীমানা পেরিয়ে সেই বিশ্বজনীন একাত্মতাও যিনি অনুভব করেছেন আন্তরিক। যেখানে মানুষের প্রাননিকেতন অন্তরের অমৃত ধারায় একই মহাসাগরের জন্য স্রোতময়।

তোরই গান শোনাবো

ওমর শামস

একটি মেষশিশু
একটি কিশোর দোয়েল কোন নদী
অথবা হটাৎ হাওয়ায় কৈশোর হ'তে যৌবনে
উন্মিলীয়মান ভায়রো।

আয়াতের ললিত উচ্চারণ
আর মোনাজাত থেকে ছুটে যাওয়া উল্কা,
কবিগানে
যাত্রায়
শৃংখলহীনতায়,
ধায়
দিক
দীর্গো
ন্মন্ত
তায়।

কে? কে?
সিয়ারসোল আসানসোল দরিরামপুর,
পুঁথির পাতার মধ্যে কার কাফি? কার টোড়ি?
চির
উ
ন্
ন
ত
যার শির,
শিখর
হিমাদ্রির।

একটি যৌবনের ঘরে ফিরে আসা
যুদ্ধ এবং আত্মো অবলোকনের বালির ঝড়ের মধ্যে,
হাঁফিজের সুরবৃন্তে
পল্টনের বিউগলে,
ফিরে আসা-
আবার ফিরে আসা
৩২ কলেজ ষ্ট্রটি, কেলকাতা।

শৈলজা, তোমার কি মনে পড়ে?
মনে পড়ে মুজাফফর, নাসিরুদ্দীন?
কলেজষ্ট্রাটের সেই দোতালা,
সেই গান
ব-দ-রী ছা-রী-রে
পিয়া বিনা মোর;
আর
ন
জ
রু
ল
তোরই গান শোনাবো।

কখনো কান্তার, কখনো মরু,
এখনো গিরি দুর্গম
এখনো যাত্রীর প্রতি ছুটে আসছে
বিদ্যৎ বৈষম্য ক্ষুধা,
তমিস্রার তৈরী ধাতব।

কবি, তুমি কোথায় ?

আয়
ন
জ
রু
ল
তোরই গান শোনাবো।

শোনো, সমুদ্রপারের ছিলা হ'তে ছুটে এসেছিলো
যে খঞ্জর,বর্বর-
ছিন্ন করলো ভূমি, কবদ্ধ জমি-
কাটা ধান, দ্বিখন্ডিত গোলা, দ্যাখো,
এখনো গোঙ্গাচ্ছে,
কাৎরাচ্ছে। কাৎরাচ্ছে। কাৎরাচ্ছে।

এইতো সত্তরে আমরা বললাম,
সুরাজ বরিনে আমরা সৌহার্দ্য চাই
সাম্য চাই স্বাধীনতা চাই-
নামলো দানব উৎকট প্রাণীগ্রসী গ্ শকট
গিল্লো নগরপাট, চাট্লো রক্ত-খুন
জ্বালালো পোড়ালো,
জ্বালালো বিলুর ধান,
গোলা গাভী নীল শাড়ী শিশু কাঁখা
মা-র মন।

কবি, তুমি কই ছিলে?
শোননি-কী শিকল ভাঙ্গার গান,
বিয়ের বাঁশীর গান,
আকন্ঠ তোমার গান
গান শোনাবো
আর
ন
জ
রু
ল
তোরই গান শোনাবো।

এখন পুরবীর অন্ধকার,
আসরবলা বসেছে হার্মোনিয়ম নিয়ে,
কবেকার বুকের ফলদানীতে রাখা গোলাপ
এখনো গ-ন্ধ-ধূ-প-কো-ম-ল-ক-ঠ-ম-য়।
নিশি নিঝুম-এখনো ঘুম আসে না থীরেন মিত্র,
একাদশীরভাঙ্গা-কলস-চাঁদ ফিরোজা হ'য়ে ওঠে সুর পেয়ে;
সেই দ-জন ভিখারী, ওরাও ফিরে এসেছে
হার্মোনিয়ম হাতে
গাইছে, জাগো পিয়া।

এসো এসো, তোমরাও উঠে এসো
তিরিশের আতরদান খুলে
পদ্মার ঢেউ বেয়ে এসো শচীন,
মল্লিক, হে ইন্দু, কমলা ঝরিয়া এসো
জ্ঞ্যানেন্দ্র প্রসাদ গোস্বামী-
শূন্য এ গানে ফিরে এসো-
আর
ন
জ
রু
ল
তোরই গান শোনাবো।

সস্নেহে তিরস্কার

এম,এইচ,আকমল

বেপরোয়া রকমের পরোপকারী
অতিশয় গুণী
সস্নেহে মা তিরস্কারে বলতেন
এই ছেলেটা একটা পাগল ।
নৈতিকতা যেখানে নেই
বিক্ষোভে ফুঁসছে
প্রতিটি ঘটনা ঘটিয়েছো
চমকপ্রদ
কখনো মন্দিরে
কখনো মসজিদে
বিদ্রোহী ছিলে
বাঁচার তাগিদে
সস্নেহে মা তিরস্কারে বলতেন
এই ছেলেটা একটা পাগল ।
প্রতিটি ঘটনা ঘটিয়েছো
চমকপ্রদ
বিধবাকে টেনে এনেছে কাছে
প্রেমকে করেছো সজীব
গজল, কির্তনে
মাতিয়ে রেখেছো
সারা বিশ্ব জুড়ে ।
সস্নেহে মা তিরস্কারে বলতেন
এই ছেলেটা একটা পাগল ।



Bengali handwriting of Nazrul

তুমি নজরুল

সানজিদা হক

চিরন্ত সবুজ, এই বাংলাদেশ,
এর সৌন্দর্যের রূপকথার নেই কোনো শেষ ।
কবিরা তাঁদের কবিতায় প্রকাশ করেছেন বাংলার চঞ্চলতার কথা,
লেখকরা তাঁদের গল্পে লিখেছেন বাংলার সজীবতার কথা,
গীতিকাররা তাঁদের গীতিমালায় বলেছেন বাংলার স্বাধীনতার কথা ।
কবি, লেখক, গীতিকার - সব কিছু মিলিয়ে কাজী নজরুল,
যাঁর কবিতার ছন্দে, লেখার স্রোতে, গানের মোহে ছড়ে ফুল ।
দুখু মিয়া হয়ে শুরু হয়েছিল তাঁর জীবন,
কিন্তু কাজী নজরুল হয়ে সে সৃষ্টি করেছেন শ্রদ্ধার আবরণ ।
কষ্ট তাঁকে শিখিয়েছে সাফল্যের চূড়ায় পৌঁছাতে
আর সাফল্যের অস্ত্র হলো তাঁর কলম ।
যদিও তাঁর সুঠাম দেহ নির্জীবভাবে শুয়ে আছে
এই বাংলার মাটিতে,
মসজিদের পাশেই সে নিদ্রিত, তাঁর মনগড়া ঘাটিতে।
কাজী নজরুল আজ বহু দূরে
কিন্তু তাঁর কলম থেকে বেরুনো বাংলা ফুলকিগুলো চির জ্বলন্ত ।

তুমি নেই বলে

শামীমুল ইসলাম শামীম

তুমি নেই বলে প্রানের গভীরে বাজে নাকো আর গান
সে মধুর সুরে ভোরের পাখিরা জুড়ে না ঐকতান
ভোর হলো বলে খুকুমণিরে আর ডাকেনাতো ভোরে কেউ
কারও আহ্বানে জাগে না আজ তরুনের মনে ঢেউ
শত অন্যায়ের প্রতিবাদে আজ ভাঙ্গে না লৌহ কারা
গরিবকে আজও শোষণ করছে শোষণ করতো যারা
তোমার মত বুঝে নাকো কবি কুলি মজুরের দুখ
সাম্যের গান গায় না আর কেউ গরীবের নাই সুখ
আর শুনিনা বজ্রকন্ঠের শেকল ছেঁড়ার গান
তোমার ডাকের আশায় কবি সজাগ রেখেছি কান
তুমি ছিলে মোদের প্রাণের আশা একজন বিদ্রোহী বীর
তোমার মুখেই শোভা পেত কবি চির উন্নত মম শির
কবি তোমায় খুঁজে ফিরি আজও আমরা বাঙালী
তোমার আহ্বান শোনার আশায় জাগি আমরা কাঙালী
মানুষের কবি, সাম্যের কবি, ঘুম জাগানিয়া কবি মোর
নজরুল তুমি ফিরে ফিরে আস খুলিয়া বন্ধ দোর
তোমার মত আর একটি নজরুলের প্রয়োজন বড় আজ
তোমার সোনার কাঠির ছোঁয়ায় , মোরা পড়বো নতুন সাজ।

কবি নজরুলের স্মরণে

শাহনাজ আখতার সীমা

যুগে যুগে কত কবি
আসিয়াছে এই দেশে,
ঝাকড়া চুলের কবি নজরুল
আমার মন কাড়িয়াছে
বিদ্রোহী রূপে ।
কবি নজরুলের এই বাণী, আজও
ধ্বনিত হয় আমার কানে
"যাহা চাই তা যেন জয় করে পাই
গ্রহন না করি দান
দাও অপরিমান শক্তিদান
হে সর্ব শক্তিমান"।
মানবতার গান গাহিয়া সে যে করেছে
বিদ্রোহী কবি নজরুল,
এই খ্যাতিনাম ।
আজ তারই স্মরনে গাহিয়া উঠি মোরা
কবি নজরুলের উল্লাসিত কত গান ।

নজরুল তাঁর প্রিয় বাংলায় শায়িত

রাজু আহমেদ মোবারক

সাহিত্যে কবিতায় সঙ্গীতে প্রায় সর্বক্ষেত্রে যার ছিল সার্বক্ষণিক পদচারণ তিনি হচ্ছেন আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম। তিনি তার লেখার শক্তিতে বিদ্রোহী কবি নামে ভূষিত হয়েছেন। বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁকে "বসন্ত নাটিকা" উপহার দেন। রবীন্দ্রনাথ ঠাকুর যে বয়সে নজরুলকে বসন্তের কবি নামে ভূষিত করেন তখন তিনি ছিলেন এক টগবগে ২৪ বছরের বাঙালী যুবক। বিশ্ব কবি তাঁর মাঝে খুঁজে পেয়েছিলেন প্রতিভার বহুমাত্রিক দিক। এখানে বলা দরকার রবীন্দ্রনাথ-নজরুল দুজনই বাংলা সাহিত্য জগৎকে লেখনীর মাধ্যমে সমৃদ্ধ করে রেখেছেন। বাঙালী জাতিকে ভাষা-সাহিত্যের দিক থেকে পরিচিত ও সম্মানিত করেছেন।

কাজী নজরুল ইসলাম ব্রিটিশ বিদ্বেষী হয়েছিলেন। তিনি প্রত্যক্ষ করেছেন ভারতবর্ষকে ব্রিটিশ শাসনের নীপিড়ন ও লুন্ঠনের কৌশলগুলো। তিনি বড় বেশী বিদ্রোহী হয়েছেন ভারতবর্ষের হর্তাকর্তাদের প্রতি। ব্রিটিশ শাসকগণকে নিজের দেশের কর্তা ব্যক্তিরা নিজের রাষ্ট্রকে লুন্ঠনের যে পরিমিত সুযোগ সৃষ্টি করে তাদের অধীনস্থ হয়ে নিজের বিবেক-বুদ্ধিকে ধ্বংস করেছেন নজরুল তাদের প্রতি বিদ্রোহী হয়েছেন। নজরুলের স্বপ্ন তাঁর লেখনীর মাধ্যমে প্রকাশ করেছেন ভারতবর্ষ ও বাঙালীর স্বাধীনতার জন্য। তিনি তাঁর "বাঙালীর বাঙালা" নিবন্ধে বাঙলা বাঙালীর হোক! বাঙালার জয় হোক বাঙালীর জয় হোক! দীপ্ত কন্ঠে উচ্চারণ করে গেছেন। তিনি বাঙালার একনিষ্ঠ স্বপ্ন দ্রষ্টা কবি। তিনি বাঙালীর বিদ্রোহী আত্মার পরম রূপকার। নজরুল যাদেরকে বাঙালীর অধিকার আদায়ের অন্তরায় ও শত্রু ভেবেছেন তাদের সঙ্গে আপোষে করেননি। তিনি নির্যাতিত ও নীপিড়িত মানুষের বন্ধু হয়ে নিজেকে চালিত করেছেন লেখনীর মাধ্যমে। ব্রিটিশ শাসনের বৈষম্যতা থেকে নজরুল বাঙালীর চেতনাকে শাণিত করেছেন। তাঁর অগ্নি বীণা, বিষের বাঁশী, ভাংগার গান, কৈফিয়ৎ, বিদ্রোহী, প্রলয় শিখা প্রভৃতি লিখা বাঙালী জাতিকে ব্রিটিশ জাতির পরাধীনতা থেকে বেরিয়ে মুক্তির দিশারী হবার জন্য উন্মাদনা সৃষ্টিতে সাহায্য করেছে। নজরুল তার বিদ্রোহী কবিতায় বলেছেন:

আমি চিরদুর্দ্দম, দুর্বিসহ, নৃশংস
মহা-প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস আমি মহাভয় আমি অভিশাপ পৃথিবীর,
আমি বিদ্রোহী রণক্লান্ত আমি সেই দিন হব শান্ত,
উৎপীড়নের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না,
অত্যাচারীর খরগ কৃপান ভীম রণভীমে রণিবে না।

তাঁর লেখায় পরাধীন বাঙালীরা ব্রিটিশ শাসনের পরাধীনতা থেকে মুক্তি পেতে নিজেদেরকে প্রস্তুত করেছেন। নজরুল নিজেই নিজের ইতিহাস। তিনি স্বপ্ন দ্রষ্টা শুধু নয় স্বপ্ন স্রষ্টাও। শোষিতের মুক্তি ও ন্যায্য অধিকার প্রতিষ্ঠার জন্য তিনি স্বপ্ন দেখেছেন প্রতিক্ষণে। তাঁর ভেতরের স্বপ্ন সমগ্র বাঙালীর মাঝে ছড়িয়েছেন। তাঁর স্বপ্নের কথা বিদ্রোহের সুরে বাঙালীর হৃদয়ে গেঁথেছে। তাঁর বিচরণ ছিল সংস্কৃতির সকল ক্ষেত্রে। কবিতায়, গানে, গল্পে, নাটকে ইত্যাদি। অন্যের মঙ্গল কামনার মধ্যেই তাঁর লেখা প্রকাশ পেয়েছে। তিনি সংস্কৃতি বলতে আত্ম সংযমতা ও অপরের মঙ্গল চিন্তা এই দুই গুণকে প্রাধান্য দিয়েছেন। যে ব্যক্তির মধ্যে আত্ম সংযম ও অপরের প্রতি বিবেচনা বোধের অভাব থাকে, তাকে মার্জিত ও সুসভ্য মানুষ বলা যায় না নজরুল সে কথা বলেছেন। তিনি জানতেন ভাল জিনিষ সহজলভ্য নয় এবং ভাল জিনিস লাভ করার জন্য কঠিন বিপদের মধ্য দিয়ে যেতে হয়। নজরুল তাঁর লেখায় সমস্ত জায়গায় তা প্রকাশ করেছেন। তিনি বাঙালী জাতির স্বপ্ন বাস্তবায়িত করার প্রত্যয়ে সংগ্রাম ও আন্দোলনকে অস্ত্র হিসেবে প্রয়োজন বোধ করেছেন.ঐক্যবদ্ধ আন্দোলন সংগ্রাম জাতির কল্যাণ বয়ে আনতে পারে তা তাঁর কবিতা ও লেখায় প্রকাশ করেছেন। যেখানে বাঁধা নজরুল সেখানে প্রতিরোধ করেছেন এবং প্রতিবাদীও হয়েছেন। এই প্রতিরোধ ও প্রতিবাদী হওয়ার মূলমন্ত্র ছিল বাংলা ও বাঙালীর জয়। ১৯২৯ সালের ১৫ই ডিসেম্বর নজরুল ইসলামকে জাতীয় কবি হিসেবে সম্বর্ধনা জানানো হয় আনুষ্ঠানিকভাবে। সে আনুষ্ঠানিক সভায় নেতাজী সুভাষ বসু বলেন, "কবি নজরুল যে স্বপ্ন দেখেছেন সেটা শুধু তাঁর নিজের স্বপ্ন নয়, সমগ্র বাঙালী জাতির স্বপ্ন।"

নজরুলের দৃষ্টি, সমাজের সর্বকোণে ছিল। তিনি ছিলেন প্রেমের কবি, জাগরণের কবি, মানবতাবাদী কবি, বিদ্রোহী কবি, মুক্তির কবি। তিনি যৌবনের কবি। তাঁর যৌবনে লেখা কবিতাগুলো বাঙালী জাতিকে খুব বেশী জাগ্রত করেছে। তিনি বড় অভিমানীও ছিলেন। তিনি তাঁর অভিমানের বাণী বক্তৃতার মঞ্চে দাঁড়িয়েও প্রকাশ করেছেন। "বিশ্বাস করো আমি কবি হতে আসিনি, আমি নেতা হতে আসিনি, আমি প্রেম দিতে এসেছিলোম, প্রেম পেতে এসেছিলাম, সে প্রেম পেলাম না বলে আমি এই প্রেমহীন নীরস পৃথিবী থেকে নীরস অভিমানে চিরদিনের জন্য বিদায় নিলাম।' তিনি আরো বলেছেন, 'আমার এবারের মতো খেলা ফুরালো। আমার বাঁশি বিরহ যমুনার তীরে ফেলে চলে যাব। শুষ্ক যমুনার বালুচর থেকে সেই বেনু কুড়িয়ে যদি অন্য কেউ বাজাতে পারেন, আমার ফেলে যাওয়া বাঁশি ধন্য হবে।'

মানবতাবাদী কবি নজরুলের আত্মপ্রকাশ তার কাব্যে কবিতায় ঘটায় সত্যি একশ্রেণীর গোড়া হিন্দু মুসলমান লেখক গোষ্ঠী তাঁকে আঘাত দিয়েছেন। তার হৃদয়কে পিষিয়েছে যন্ত্রনায়। তাঁর কৈফিয়ত কবিতার এক জায়গায় বড় দুঃখে নিজেকে প্রকাশ করেছেন-

বন্ধু গো আর বলিতে পারিনা, বড় বিষ জ্বালা এই বুকে!
দেখিয়া শুনিয়া ক্ষেপিয়া গিয়াছি, তাই যাহা আসে কই মুখে।
রক্ত ঝরাতে পারিনা তো একা,
তাই লিখে যাই এ রক্ত লেখা,
বড় কথা বড় ভাব অ্যাসেনার্ক মাথায়, বন্ধু বড় দুঃখে!
অমর কাব্য তোমরা লিখিও, বন্ধু, যারা আছ সুখে!

নজরুল দুঃখ ভরাক্রান্ত মন নিয়ে কখনো কখনো বন্ধু সাথীদের প্রতি বিদ্বেষী হলেও তিনি তাঁর নিজের পথ থেকে সরে দাঁড়াননি। যতক্ষণ পেরেছেন সংগ্রামী চেতনা নিয়ে নীপিড়িত দুঃখী মানুষের জন্য তাঁর লেখা চলমান রেখেছেন। নজরুলের জীবন দুঃখে ভরা ও সংগ্রামে ভরপুর ছিল। দুঃখের বিরুদ্ধে সংগ্রাম করাই ছিল তার নির্মল আনন্দ। তিনি অপরের

দুঃখ নিজের মত করে প্রকাশ করেছেন। মানুষ তাকেই স্মরণ রাখে যে মানুষের মধ্যে ফুটে উঠে কোটি কোটি মানুষের প্রতিচ্ছবি। নজরুলের জীবন বিস্তৃত হয়েছিল কোটি কোটি নীপিড়িত মানুষের হৃদয়ে। নজরুল তাঁর নিজের দেখতে পাওয়া স্বপ্নকে অন্যের স্বপ্নে পরিণত করার চেষ্টা করে গেছেন তার জীবদ্দশায়। যারা তাঁকে আক্রমণ করেছিল তারা অনেকেই মানুষের হৃদয় থেকে হারাতে চলেছেন। আক্রমণকারী সর্বসময়ই বিলীন হয় মানুষের হৃদয় থেকে। পৃথিবীর বুকে তারাই অমর হয়ে থাকেন যারা মানুষের কথা বলেন নিজেকে মানুষের জন্য ব্যয় করেন। নজরুল তা করেছেন বলে তিনি সকলের মনে চির-অমর হয়ে থাকবেন। নজরুলের সাহিত্য ভান্ডারকে বাঁচিয়ে রাখার দায়িত্ব আমাদের সকলের নতুবা আমরাই হারিয়ে যাব সাহিত্য ভান্ডারের অভাবে। নজরুল যে তিনটি জিনিষ চেয়েছিলেন বাঙালা বাঙালীর হোক। বাঙালার জয় হোক। বাঙালীর জয় হোক। তা বাস্তবায়িত হয়েছে। আমাদের বাঙালী সন্তানেরা রক্ত দিয়ে নজরুলের বাঙালা বাঙালীদের জন্য রক্ষা করে একে সমৃদ্ধ করেছেন। নজরুলের স্বপ্নের বাঙালা ভাষার উপর যে আঘাত এসেছিল রাজনৈতিকভাবে সে আঘাত থেকে বাঙালা ভাষা রক্ষা পেয়েছে।

নজরুল আর আমাদের মাঝে নেই। তিনি মন খুলে বাঙালীকে গান লিখে ও গেয়ে শুনিয়েছেন। তাঁর বাঙালী সন্তানেরা তাঁর গেয়ে যাওয়া গানের বাণী মনে রেখেছেন। তারা কথাও রেখেছেন নজরুলের। নজরুল বলেছিলেন,

মসজিদেরই পাশে আমার কবর দিও ভাই।

যেন গোরে থেকেও মোয়াজ্জিনের আজান শুনতে পাই।'

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদের পাশে ঘুমিয়ে আছেন। তাঁর বাঙালার বাঙালীরা তাঁকে প্রতিদিন মসজিদে গেলেই স্মরণ করেন। নজরুল বাঙালীর জন্য যা কামনা করেছেন তা সবই পেয়েছেন নজরুলের বাংলা ও বাঙালীর মুক্তি আসেনি। বাংলা ও বাঙালীর কবি হয়ে যিনি তাঁর প্রিয় বাংলায় শায়িত তিনি একজন শ্রেষ্ঠ প্রতিভাবান বাঙালী কাজী নজরুল ইসলাম।

কাজী নজরুল ইসলামের একটি বিশেষ সাক্ষাৎকার

রহিমা আকতার করিম

"বলবীর, বল উন্নত মম শির
শির নেহারি আমারি নতশির ওই শিখর হিমাদ্রির।"

বিদ্রোহী কবি নজরুল ইসলামের এই কবিতা আমাদের সাহিত্য ও সংস্কৃতির অঙ্গনে ঝড়ের হাওয়া বইয়ে দিয়েছিল। দীর্ঘদিন গত হলেও কবির জীবনী সম্পর্কে এখনও বহু কবি সাহিত্যিক গবেষণা চালিয়ে যাচ্ছেন এবং তারই ফল স্বরূপ আমরা এখনও জানতে পারছি অনেক নতুন নতুন ঘটনা যা নাকি নজরুল পিপাসু পাঠক পাঠিকার মনরঞ্জন করছে।

নজরুলের গান কবিতা সাহিত্য রচনা বঙ্গসাহিত্যে অপূর্ব সৃষ্টি। তাঁর গান ও কবিতার মধ্যে ছন্দের যে বৈচিত্র মাধুর্য্য শব্দের যে ঝংকার এবং ভাবের যে উদ্দাম প্রবাহ তা অতি সাধারণ পাঠককে মুগ্ধ করে। আমিও তাদের মধ্যে একজন।

বেশ কয়েকমাস আগে ঢাকাতে গিয়েছিলাম, নিয়মিত ঢাকার বাংলা পত্রিকাগুলো পড়তে ভাললাগতো। ১৬ই জানুয়ারীতে "ভোরের কাগজ" পত্রিকার সাময়িকী সংখ্যায় কবি নজরুলের একটি চমৎকার সাক্ষাৎকার পড়েছিলাম। এটি ছাপা হয়েছিল 'কাজী নজরুল ইসলামের একটি অজ্ঞাত সাক্ষাৎকার' নামে। এর ভূমিকা ও টিকা লিখেছিলেন আব্দুল মান্নান সৈয়দ। কেমন কিভাবে এবং কে এই সাক্ষাৎকার দিয়েছিলেন সে সমস্ত ঘটনা অনেক গবেষনা করে উনি সংগৃহীত করেছেন। এই সুন্দর সাক্ষাৎকারটি পাঠক পাঠিকাকে উপহার দেওয়ার জন্য তাঁকে জানাচ্ছি অসংখ্য ধন্যবাদ।

সেই সাক্ষাৎকারের কিছু অংশ এখানে তুলে দিচ্ছি বিদেশে বসবাসরত কবি নজরুলের অনুগতদের জন্য। সাপ্তাহিক কৃষক পত্রিকার ১৩৪৬ সালের ঈদুল ফিতর সংখ্যায় সাহিত্যিক ইজাবউদ্দীন আহমেদ কবি নজরুল ইসলামের এই সাক্ষাৎকারটি প্রকাশ করেছিলেন তিনি লিখেছিলেন, "১৯৩৯ সালে এই সাক্ষাৎকার কালে নজরুল সম্পূর্ণ সুস্থ কিন্তু গভীরভাবে চিন্তা পীড়িত-এবং সেই চিন্তার একটি প্রধান কারণ তার ব্যক্তিগত নয় জাতিগত ও দেশগত। কবি কাজী নজরুল ইসলামের সঙ্গে কয়েকদিন আগে বাংলার কয়েকজন বিশিষ্ট ব্যক্তিসহ সাক্ষাৎ করতে গিয়েছিলাম। প্রায় তিনঘন্টাব্যাপী বিভিন্ন আলোচনা হয়। আমাদের বিভিন্ন প্রশ্নের উত্তরে ভাবমগ্ন করি যা বললেন তা নিম্নে বর্ণিত হলো। আমরা বললাম, দেশ আপনাকে আবার চায়। তার উত্তরে তিনি বললেন,

'সেদিনও ক'জন বন্ধু এসে বলেছেন দেশ আমাকে চায় কিন্তু আজো আমার সময় হয়নি। আমি প্রত্যাদেশের অপেক্ষায় আছি। তার চারপাশ না পেলে মানুষ আমার কথা শুনবে কেন?

আমি তার হাতের বাঁশি সে যেমন যে সুরে বাজায় তখন সেই সুরে বাজি। আমার এতে নিজের গৌরব করবার কিছুই নেই। রাজবন্দীর জবানবন্দীতে এবং সমস্ত গানে ও কবিতায় এই কথা বার বার বলেছি। ছোটবেলা থেকে আমি দেশের কথা ভেবেছি-যৌবনে আমার সকল শক্তিসামর্থই দিয়ে কাজ করতে চেষ্টা করেছি। তখন চাঞ্চল্য বর্ণিত যা বুঝিনি, আজ তা বুঝতে চেষ্টা করছি।

আমার সঙ্গীত সাহিত্য কতখানি মূল্য পাবে তা আমি জানি না। তবে বাংলার সঙ্গীতক্ষেত্রে আমি কিছু দান করেছি। মুসলমানেরা যে একদিন দুনিয়াজোড়া বাদশাহী করতে সামর্থ হয়েছিল সে তাদের ঈমাণের বলে। আজ আমরা ঈমাণ হারিয়ে ফেলেছি। ঈমাণের প্রকৃত অর্থ পরিপূর্ণভাবে আত্মসমর্পন। দুনিয়ার সমস্ত কাজের মূলেই রয়েছে আত্মসমর্পন। ছাত্র যদি গুরুর আত্মসমর্পন না করে তবে কি তার জ্ঞান লাভ হয়? আমরা যখন তার চরণ তলে আত্মসমর্পণ করি তখনই লাভ হয় শান্তিময় জীবন। তোমার আমার কি শক্তি আছে? যারা ঘুমালে আর জাগবার মতো শক্তি রাখে না তাদের গর্ব করা বাতুলতা মাত্র। এই যে আমাদের জীবন এতো জীবন-মৃত্যুর খেলা। নিঃশ্বাসে আমাদের জীবন প্রশ্বাসে মৃত্যু। এই যে জীবন মৃত্যুর অবিরাম লীলা চলেছে এইখানে আমরা তার লীলা উপলব্ধি করতে পারি। মানুষ আমরা তার হাতের যন্ত্রপুত্তলিকা মাত্র-চাওয়ার মতো চাইলেই যা চাও তাই পাবে। তিনি বাঞ্ছাকাল্প তরু। তিনি আগুনের মতো-তাকে দিয়ে যা করতে চাও তাই করতে পারবে। আগুন দিয়ে ইচ্ছা হয় পাক করে খাও-ইচ্ছা হয় ঘর পোড়াও অবশ্য খুব পোড়ালে তার মজা তুমিই পাবে।

পাহাড় থেকে নদী বের হয়, কিন্তু পাহাড় থাকে অটল অচল। মানুষ তার নিজের মধ্যে যদি অটল হতে না পারে কিছু করতে পারবে না। বিধাতা তার স্বরূপ সৃষ্টির মাঝে প্রকাশ করেছেন। সৃষ্টিকে ধরেছেন বড় করে। নিজেকে রেখেছেন লুকিয়ে।

ভারতে রাজা-বাদশার দ্বারা ইসলাম জারি হয় নাই। রাজা বাদশাহরা করেছেন দেশ জয়-আহরন করেছেন ধন-রত্ন মনি মানিক্য। আর মানুষের মঙ্গলের বিধান করেছেন আউলিয়া পীর রোজগান। সারা ভারতে হাজার হাজার আউলিয়ার মাজার কেন্দ্র করে আজো সেই শক্তির কথা আমরা শুনতে পাই।

মুসলমান সমাজের নেতৃত্ব কোনকালেই কোন পলিটিক্যাল লীডার (রাজনৈতিক আন্দোলনকারী) করে নাই। মুসলমান কাওমের নেতার নাম 'ঈমান'। ত্যাগ ধর্মে সত্যনিষ্ঠায় উদারতায় এগুলি আসন পেয়েছেন। বর্তমানে আমাদের দেশের সমাজনেতারা সমাজসেবা করতে এসে হয়ে যাচ্ছেন জমিদার-গরিবের রক্ষার কথা প্রচার করতে গিয়ে গড়ে তুলেছেন নিজের তিনতলা বাড়ী। আমি মৌলানা আকরম খাঁ ও মৌলভী ফজলুল হক সাহেবকে বলেছিলাম যে, আসুন আপনারা সমস্ত ত্যাগ করে হজরত ওমর-আবুবকরের আদর্শ সামনে রেখে সমাজে লাগি, আমি আমার সবকিছু ছেড়ে কওমের খেদমতে রাজি আছি। তারা আর কোন উত্তর দেন নাই।

নতুন বাংলা নতুন করে ভাবতে শুরু করেছে। এর মধ্যে জাতির জন্য যারা সত্যিকারভাবে কিছু কাজ করতে পারেন-এমন মানুষও কিছু আমাদের ভেতর এসেছে। হুমায়ুন কবির যখন ফিরে এলো। ভাবলুম হয়তো তার দ্বারা অনেক কাজ হবে। কিন্তু সমাজে সে স্থান পেলো না। মুসলমান তাকে আপন ভাবতে পারে না। কৈ আমিও তো সমাজকে গাল দিয়েছি যথেষ্ট।

ভিতরের দিকে যত সরিয়েছি বাহিরের দিকে তত
গুনতিতে মোরা বাড়িয়া চলিয়াছি গরু-ছাগলের মতো।

এমন শক্ত কথাও আমি বলেছি যে নোয়াখালি জেলায় মুলো-বেগুনের মতো মৌলবাদীদের চাষ হয় সেখানেও আমি তাদের মধ্যে তাদেরই গাল দিয়েছি-আমাকে তো তারা আঘাত করেনি-ঢিল ছোড়েনি। কারণ আমার গাল ছিল-মা যেমন সন্তানকে গাল দেন। শাসন করেন তেমনি ধারার। তাই যেমন ভাইকে শাসন করে চোখ রাঙায় সেই মতো। আমি পথে পথে ঘুরেছি, গান গেয়েছি কবিতা লিখেছি-যেখানে তারা বুঝেছে সেখানে তারা কেঁদেছে-যেখানে বুঝতে পারেনি-সেখানে মুখ ফিরিয়েছে। আমার কওম যেভাবে যে অবস্থায় আছে তাকে সেইভাবে সেই অবস্থায় ভালবাসতে হবে, তার সঙ্গে মিশতে হবে-তার দুঃখে কাঁদতে হবে।

মানুষ সৃষ্টি হবেই-আমি বার বার বলেছি-আসছে সেই অনাগত বিরাট পুরুষ যার আগমনী ফুটছে আমার কণ্ঠে তার মুখ দেখলে আমি চিনতে পারব।

নদীতে নদীতে যেমন সংযোগ থাকে মানুষের চিন্তাধারারও তেমনি সংযোগ আছে। আমি যাদের স্মরণ করে আনন্দ পাই সৈয়দ আসাফউদ্দৌলা শিরাজী তাদের প্রতিভার পেছনে যথেষ্ট অবকাশ চাই। মানুষ সবকিছুই নতুন করে পায়নি-পুরাতন কোহিনুর আজো সকল মনি মানিক্যের শীর্ষে। শিরাজীর নিজের ব্যক্তিত্ব প্রতিভা আছে কিন্তু এসবের পিছনে সাহায্য ও সমর্থন চাই। আমি হুমায়ুন কবিরকে বলেছিলাম তুমি টর্চ হাতে করে সমাজের কাছে গেলে ওরা ভয় পাবে-মাটির প্রদীপ হাতে করে যাও। ওরা যাকে আপন ভাবতে পারে তাকেই করে বিশ্বাস-তার হাতেই ছেড়ে দেয় ওরা সবকিছু। মানুষের জীবনে সাধনার সংযোগ চাই-নতুবা সবকিছুই শুকিয়ে যায়। আমাদের জীবনের উৎস যেখানে সেখানে আমাদের দৃষ্টি নিবদ্ধ করতে হবে।

আমি আমার নিজেকে খুঁজছি। তার সন্ধান না পেয়ে কোন কিছুই হবে না। তার হুকুম ছাড়া কারো কথা কেউ শুনবে না।

কবি নজরুলের এই সাক্ষাৎকারটি পড়ে মনে হয়েছে তিনি যেন তার মনের গোপন আবেগকে ভাবের মাধ্যমে প্রকাশ করতে চাচ্ছেন। সাধারণ প্রশ্ন উত্তরের সাক্ষাৎকার এটি নয়। সাহিত্যিক ইজাবউদ্দিন আহমদের একটি মাত্র প্রশ্নের উত্তরে ভাবমগ্ন কবি অনর্গলভাবে সুন্দর এবং সহজ ভাষাতে যা বলেছেন তা পড়লে মনে হয় এটা যেন তার সাহিত্য রচনার বিশেষ অংশ।

কবি যে দেশ এবং জাতির জন্য সর্বস্ব ত্যাগ করে সমাজ সেবায় আত্মনিয়োগ করতে চেয়েছিলেন তা বোঝা যায়। একার পক্ষে তা সম্ভবপর নয় বলে অনেকের কাছেই আবেদন জানিয়েছিলেন তার সঙ্গে যোগদান করার জন্য।

তাঁর কথায় বোঝা যায় ছোটবেলা থেকেই দেশের কথা চিন্তা করতেন। যৌবনে নিজের শক্তিসামর্থ্য দিয়ে চেষ্টা করেছেন কাজ করতে কিন্তু অস্থিরতা এবং চঞ্চলতার জন্য সম্পূর্ণভাবে নিজেকে তখন দেশের কাজে নিয়োগ করতে পারেননি বলে কিছুটা আক্ষেপ প্রকাশ করেছেন। তবে তিনি তার কলমের জোরে কবিতা এবং সঙ্গীতের মাধ্যমে সমস্ত দেশবাসীর মধ্যে সৃষ্টি করেছিলেন তুমুল আলোড়নের।

তার বহু প্রচারিত সংকলনের মধ্যে 'অগ্নীবীনা' 'সৃষ্টিসুখের উল্লাস' প্রলয় কেতন' ঝড়ের হাওয়া বইয়ে দিয়েছিল সমস্ত বাঙ্গালী সমাজে।

এসব প্রাণস্পর্শী কবিতার প্রতি ছন্দে ছন্দে প্রকাশ পেয়েছে অপূর্ব সৃজনশীলতার। অসাধারণ চিন্তা প্রণালীর শক্তিতে কবিতাগুলি আগুনের শিখার মতো উজ্জ্বল লেলিহান।

এই সাক্ষাৎকারে আরো একটা জিনিষ দেখতে পেয়েছি তা হলো তার খোদার উপর অসীম বিশ্বাস। বিধাতার হাতে মানুষ যে শুধুমাত্র যন্ত্র পুত্তলিকা, জীবন মৃত্যুর অপূর্ব এই লীলাখেলা। সৃষ্টির মাঝে বিধাতার যে বিরাট প্রকাশ, ধ্যানমগ্ন কবি এসব কিছুকে ভীষণভাবে উপলব্ধি করতে চাইতেন।

বিদ্রোহী কবি নজরুল ইসলামের বেশ অনেকগুলো দিক প্রকাশ পেয়েছে এই সাক্ষাৎকারটির মধ্যে।

১) এই উক্তি দুটি নজরুলের বিখ্যাত খালেদ (জিঞ্জির ১৩১৫) কবিতার অংশ।

২) সৈয়দ ইসমাইল হোসেন শিরাজীর জ্যেষ্ঠ পুত্র সৈয়দ আসাদউদ্দৌলা শিরাজী (১৯০৬-৭১) নজরুলের বন্ধুমন্ডলীর একজন ছিলেন। আসাদউদ্দৌলা শিরাজী সম্পর্কে নজরুলের সব সময়ই ভালো ধারণা ছিলো। ১৯৩২ সালে নজরুল সঙ্গীতের গায়ক আব্বাসউদ্দীন আহমদ (১৯০১-৫০) কে বলেছিলেন। তুমি, আমি, শিরাজী এই তিনজন বাংলাদেশ জয় করতে পারি। (আমার শিল্পী জীবনের কথা:

আব্বাসউদ্দীন আহমদ)

ভোরের কাগজ (১৬ই জানুয়ারী ১৯৯৮) পত্রিকায় এই সাক্ষাৎকারটি আমাদেরকে উপহার দিয়েছেন আবদুল মান্নান সৈয়দ।

নায়াগ্রা জলপ্রপাত এবং নজরুল

রেজাউল করিম তালুকদার

নজরুল জীবনীকার

"আজ যদি ধরিত্রীর খেয়ালে হঠাৎ শুকিয়ে যায় নায়াগ্রার জলপ্রপাত, কোন ফটোগ্রাফারের ছবি থেকে বোঝানো যাবেনা, সেই প্রচন্ড প্রবাহের জীবন্ত গতিবেগ কি বিস্ময়কর ছিল! আজ বাংলাদেশের চোখের সামনে যাঁদের কবি বলে জানি, গায়ক বলে জানি, সুরকার বলে জানি, তাঁদের জীবনের গতি এবং ধারা থেকেও বোঝানো যাবে না কবি নজরুল কি ছিল।"

সাংবাদিক, সাহিত্যিক নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়ের উপরোক্ত মন্তব্য, বন্ধুর প্রতি ভালোবাসার আবেগের কোন বহিঃপ্রকাশ ছিল না, ছিল বাংলা কাব্য সাহিত্য, সঙ্গীত এবং সুরস্বজন লোকের সবচেয়ে রহস্যময় এবং দুর্লভ ব্যক্তিত্বের বিস্ময়কর সৃষ্টি প্রবাহের এক জীবন্ত উপমা।

১৯২২ সালে সাপ্তাহিক ধুমকেতুর উদয়লগ্ন থেকে সারথী নজরুলের দেয়া ছদ্মনামঃ 'ত্রিশূল' নিয়ে লেখা শুরু করেছিলেন নৃপেন। আবার ১৯৪১ সালের ৯ জুলাই অল ইন্ডিয়া রেডিও কলকাতা কেন্দ্র থেকে সরাসরি প্রচারিত যে অনুষ্ঠান চলাকালীন নজরুল অসুস্থ হয়ে পড়েছিলেন, সে অনুষ্ঠানের পরিচালক ছিলেন নৃপেন। ১৯২২ থেকে ১৯৪২ নজরুল জীবনের সৃষ্টিমুখর এই ২০ বছরের বন্ধু নৃপেন এর দেয়া উপমা, নায়াগ্রা জলপ্রপাতের চির বিস্ময়কর দৃশ্য আমি যতবার দেখেছি, ততোবারই মনে হয়েছেঃ নজরুলের সৃষ্টি প্রবাহের তুলনা কেবলই নায়াগ্রা জলপ্রপাত। লেক এরির বিশাল জলধারার বিরামহীন পতনের মতো নজরুলের সৃষ্টি প্রবাহেও জেগে আছে অবিনাশী দ্রুতগামী অশ্বের খুর থেকে হাওয়ায় উড়ে ওঠা বালুকণার মতো নায়াগ্রার জলবিন্দুতে গড়া মেঘপুঞ্জে যে রংধনু হেসে উঠে, তারই শারীরিক রূপ দৃশ্যমান নজরুলের সুরে। যে গর্জন উঠে আসে নায়াগ্রার বুক চিরে তারই প্রতিধ্বনি শোনা যায় বিদ্রোহীর পংক্তিমালায়, আনন্দময়ীর আগমনে, ভাঙ্গার গানে। কালবোশেখী ঝড়ের পিঠে বসে, প্রথম মহাযুদ্ধের মাঠ থেকে তুলে আনা শব্দে"আমি মানি নাকো কোন আইন, আমি ভরা তরী করি ভরা ডুবি, আমি টর্পেডো, আমি ভীম ভাসমান মাইন" বাংলা সাহিত্যের সিংহ দুয়ার দিয়ে ঢুকে পড়েছিলেন নজরুল। গ্রাম্য বধূর মতো বয়ে যাওয়া কবিতার শান্ত নদী হঠাৎ মেতে উঠেছিল জোয়ারের গানে। "সিঁথির সিঁদুর মুছে ফেল মাগো, জ্বালো সেথা জ্বালো কাল চিতা। তোমার খড়্গ রক্ত হোক স্রষ্টার বুকে লাল ফিতা, নিদ্রিত শিরে লাথি মার আজ, ভাঙ মা ভোলার ভাঙ্গো নেশা, পিয়াও এবার অ-শিব গরল নীলের সঙ্গে লাল মেশা।" মানব প্রেম থেকে উৎসারিত নজরুলের বিদ্রোহী সত্ত্বা হুংকার দিয়ে উঠেছিল।" আর কতকাল থাকবি বেটি মাটির ঢেলার মূর্তি আড়াল? স্বর্গ যে আজ জয় করেছে অত্যাচারী শক্তি আড়াল। দেব শিশুদের মারছে চাবুক, বীর যুবাদের দিচ্ছে ফাঁসি, ভূ-ভারত আজ কসাইখানা, আসবি কখন সর্বনাশী? অনেক পাঠা মোষ খেয়েছিস, রাক্ষসী তোর যায়নি ক্ষুধা, আয় পাষাণী এবার নিবি আপন ছেলের রক্ত সুধা।" ২৬ সেপ্টেম্বর ১৯২২ সাপ্তাহিক ধূমকেতুতে আনন্দময়ীর আগমনে কবিতাটি প্রকাশিত হবার পরই সংখ্যাটি বাজেয়াপ্ত হয়ে যায়। এবং বিচারে এক বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত হন নজরুল। পবিত্র গঙ্গোপাধ্যায় আলীপুর জেল গেটে গিয়ে পৌছে দিলেন কবি গুরুর উপহার, নজরুলকে উৎসর্গ করা 'বসন্ত' নাটক। জেল কর্তৃপক্ষের চোখ ফাঁকি দিয়ে কল্লোল এর জন্য গোপনে লেখা পাঠালেন "আজ সৃষ্টি সুখের উল্লাসে মোর চোখ হাসে মোর মুখ হাসে মোর টগবগিয়ে খুন হাসে আজ সৃষ্টি সুখের উল্লাসে।"

অন্যায় অত্যাচারের প্রতিবাদে নজরুল হুগলী জেলে শুরু করলেন আমরণ অনশন ধর্মঘট। গোটা বাংলাদেশ দারুণ উদ্বিগ্ন হয়ে উঠলো। অনশন ভাঙ্গার আহবান জানিয়ে কবি গুরু টেলিগ্রাম পাঠালেন, ``Give up hunger strike, our literature claims you". দেশবন্ধু চিত্তরঞ্জন দাস জনসভা ডাকলেন কলেজ স্কোয়ারে। কুমিল্লা থেকে অভুক্ত মা বিরজা সুন্দরী দেবী ছুটে গেলেন অনশন ভাঙ্গাতে। মায়ের আদেশ মাথা পেতে নিয়ে দীর্ঘ ৩৯ দিনের অনশন এর অবসান ঘটালেন। কারামুক্তির পর একে একে প্রকাশিত ৭ খানি কাব্যগ্রন্থ বাজেয়াপ্ত করে দেয় বৃটিশ সরকার। জ্যৈষ্ঠের ঝড়ের প্রচন্ডতায় জাগরনী গানে বাংলার এক প্রান্ত থেকে অন্য প্রান্ত তোলপাড় করে তুললেন। কুমিল্লার কংগ্রেস অধিবেশনে মহাত্মা গান্ধী দেশবন্ধুকে বললেন, Nazrul is the ultimate spirit of the spinning wheel, freedom runs through his veins." মন্দালয় জেল থেকে নেতাজি সুভাষ বসু লিখলেন, "আমার মতো বেরসিক লোকেরও জেলে বসে নজরুলের গান গাইতে ইচ্ছে করে। জাতি নজরুলের কাছে কতটা ঋণী তার মূল্যায়ণ হয়নি।"

নজরুলের বিদ্রোহী সত্ত্বা যেখানে এসে বলে ওঠে, "আমি উত্তর বায়ু মলয় অনিল উদাস পূরবী হাওয়া, আমি পথিক কবির গভীর রাগিনী বেণু বিনে গান গাওয়া।" সেখানে এসে হঠাৎ মেতে ওঠে। রক্তলেখা কলম শুরু করে ফুল ফোটানোর অবিশ্রান্ত পালা। বাগিচায় বুলবুলি তুই, মোর প্রিয়া হবে এসো রাণী, ব্রজগোপী খেলে হোরি, শোন শোন ইয়া ইলাহী, আমার কালোর মেয়ের পায়ের তলায়, তোরা দেখে যা আমি না, দূর দ্বীপ বাসিনী ইত্যাদি নানা গানের বর্ণাঢ্য ফুলে ভরে তুললেন বাংলা সংগীতের প্রতিটি শাখা প্রশাখা।

আধুনিক বাংলা গান, বীর রসাত্মক সংগীত, গজল, ইসলামী গান এবং রাগ প্রধান বাংলা গানের তিনিই প্রবর্তক। উত্তর ভারতীয় ক্ল্যাসিকাল গানের সিদ্ধ পুরুষ নজরুল ছিলেন খেয়াল, গীত, কাওয়ালী, কাজরী, ঠুংরি প্রভৃতি অপূর্ব সুরের এক বিচিত্র স্রোতধারা। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের কণ্ঠ সংগীত বিভাগের অধ্যাপক বুদ্ধদেব রায় লিখেছেন,

" নজরুলের সৃষ্টি থেকেই আধুনিক বাংলা গানের সুরের গোড়াপত্তন একথা কখনো অস্বীকার করা যাবে না কেবল সংগীতের গুণের বিচারে নয়, সংখ্যার হিসেবেও নজরুল অদ্বিতীয়। চার হাজার গানের এক বিশাল সাম্রাজ্য গড়ে তুলেছেন নজরুল। পৃথিবীর আর কোন সঙ্গীতকারের পক্ষে এই বিশালতাকে ছাড়িয়ে যাওয়া সম্ভব হয়নি। নজরুল ছিলেন প্রকৃত স্রষ্টা। গতানুগতিক ধারা ছেড়ে নিত্য নতুন পথে সৃষ্টির নেশায় ছিলেন মত্ত। রূপকথার গাছের মতো তাকে নাড়া দিলেই মনি মুক্তোর ফুল ঝরে পড়তো অগনন। কত গান হারিয়েছে তার হিসেব মেলেনি। বিশুদ্ধ রাগ-রাগিনীতে গান রচনার পর রাগ মিশ্রণ এবং রাগ ভাঙ্গার ব্যাপারে তিনি যে অসাধারণ এবং অভিনব প্রতিভার পরিচয় দিয়েছেন, তা কেবল বাংলা সঙ্গীতের ইতিহাসে নয়, দক্ষিণ এশিয়ার ইতিহাসেও এক বিস্ময়কর ঘটনা হিসেবে লেখা থাকবে। নজরুলের গানে সুর বিস্তারের স্বাধীনতা স্বীকৃত। গায়কের আপন মেজাজ অনুযায়ী সুরকে খেলাবার সুযোগ অবারিত। নজরুল সৃষ্ট ২৬টি রাগ বাংলা সংগীতকে কম ঐশ্বর্য্যময় করেনি!!

সবাক চলচ্চিত্রের সূচনালয় থেকেই নজরুল এই শিল্পের সাথে নিজেকে যুক্ত করেছিলেন। ১২টি চলচ্চিত্রে সঙ্গীত পরিচালকের দায়িত্ব ছাড়াও বহু ছবি এবং নাটকের জন্য গান লিখেছেন নজরুল। ধ্রুব চলচ্চিত্রে অভিনয় করেছেন নারদ এর ভূমিকায় এবং ছবিটির পরিচালকও ছিলেন তিনি। শ্রী নরেশ মিত্রের পরিচালনায় ১৯৩৮ সালের ৩০ জুলাই কলকাতায় মুক্তিপ্রাপ্ত কবি গুরু রবীন্দ্রনাথের 'গোরা' ছবির সংগীত পরিচালক ছিলেন নজরুল। এই চলচ্চিত্রেই বাংলা সাহিত্য এবং সংগীতের দুই শ্রেষ্ঠ ব্যক্তিত্বের সমন্বয় ঘটে।

শ্রী অন্নদাশংকর রায় নজরুল প্রসঙ্গে লিখেছেনঃ 'ভুল হয়ে গেছে বিলকুল, আর সব ভাগ হয়ে গেছে, ভাগ হয়নিকো নজরুল।" হ্যাঁ হিন্দু, মুসলিম মিলনের শ্রেষ্ঠ সাধক এবং সর্বশ্রেষ্ঠ অসাম্প্রদায়িক বাঙালী নজরুল আজও অবিভক্ত। দু'বাংলায় নজরুল চর্চা অব্যাহত থাকলেও দুঃখজনক বিষয় হচ্ছে, এই মহান শিল্পীকে আজও আমরা বিশ্ব সভায় তুলে ধরতে পারিনি। এ ব্যর্থতা সমগ্র জাতির। তবে মানব সভ্যতার বিকাশের প্রয়োজনে এবং নতুন বিশ্ব ব্যবস্থা গড়ে তুলতে নজরুলের প্রয়োজন অনিবার্য হয়েই দেখা দেবে। এবং নিশ্চিত করেই বলা যায়ঃ একবিংশ শতাব্দীর সাহিত্য ও সঙ্গীতের মহাসড়কের যাত্রীরা নজরুলের সাম্রাজ্যে এসে হতবাক হয়ে উপভোগ করবেন বিশ্ব মানবতা এবং সঙ্গীতের আর এক বিস্ময়কর নায়াগ্রা।

নজরুল কাব্যে প্রকৃতি

জেসমিন আমিন

বিদ্রোহী কবি হিসেবেই কাজী নজরুল ইসলাম সমধিক পরিচিত। তিনি তাঁর বিদ্রোহী সত্তা নিয়েই নিপীড়িত, শোষিত মানুষের সমব্যাথী। আন্তর্জাতিক সৌভ্রাত্রের বানীবাহক, দেশপ্রেমের জ্বলন্ত উদাহরণ, হিন্দু-মুসলমান ঐক্যের পথ নির্দেশক, এক অনন্য সংগীত স্রষ্টা।

তিনি গ্রামের সম্ভ্রান্ত অথচ গরীব ঘরের ছেলে। জীবিকার কারণে ছেলেবেলায় লেটো দলের সঙ্গে ভ্রাম্যমান অবস্থায় গ্রাম বাংলার বৈচিত্র্যময় প্রকৃতি এবং বিচিত্র ধরনের মানুষকে খুব ঘনিষ্ঠভাবে দেখার সুযোগ তাঁর হয়েছিল। লেটো দলের জন্য রচিত গানে তিনি গ্রামের সাধারণ মানুষের দৈনন্দিন জীবন যাত্রার ছবি তুলে ধরেছেন এবং লোকএগ্রান্ত কবি হিসেবে পরিচিত হয়েছেন। বিভিন্ন স্কুলে পড়তে গিয়ে এবং পরে অবকাশ যাপনের জন্য কুমিল্লা, চট্টগ্রাম সন্দীপসহ উত্তরবঙ্গ ও পূর্ববঙ্গের বিভিন্ন স্থানে বেড়িয়েছেন। এভাবেই গ্রামের জীবন ও প্রকৃতির সঙ্গে তাঁর নিবিড় সম্পর্ক গড়ে উঠেছে।

'দোলন চাঁপা' কাব্য থেকেই বলতে গেলে তিনি প্রকৃতির কথা বলতে শুরু করলেন। এছাড়া 'ছায়ানট' 'সর্বহারা', 'পূবের হাওয়া', 'সিন্ধু-হিন্দোল', 'জিঞ্জির', 'চক্রবাক', 'সন্ধ্যা', 'শেষ সওগাত, প্রলয় শিখা, প্রভৃতি কাব্যগ্রন্থে প্রকৃতি প্রীতির ছাপ সুস্পষ্ট।

'দোলন চাঁপা' কাব্যে প্রকৃতি রয়েছে নানাভাবে। এ কাব্যের 'পউষ', পূর্বের চাতক, অবলার ডাক, পথহারা' এ প্রসঙ্গে উল্লেখযোগ্য

পউষ এলো গো
এক বছরের শ্রান্তি পথের, কালের আয়ু ক্ষয়,
পাকা ধানের বিদায় উভে নতুন আঁার ভয় (পউষ: দোলন চাঁপা)

এ কাব্যের 'পথহারা' কবিতাতে প্রকৃতির ছায়ায় ড়নের মানুষের খোঁজে কবির চিত্ত ব্যাকুল হয়ে উঠছে।

'ছায়ানট' কাব্যের চৈতী হাওয়া' নীলপরী, পলাতক, দুপুর অভিসার, বাদল দিনে, স্তব্ধ বাদল, চির চেনা, পাহাড়ী গা, অমর কানন, প্রভৃতি কবিতায় পল্লী প্রকৃতিকে পাই।

'ডাকত ডাহুক জল পায়রা, নাচত ভরা বিল,
জোড়া ভুরু ওড়া যেন আসমানে গাঙ চিল!
হঠাৎ জলে রাখতে পা,
কাজলা দীঘির শিউরে গা
কাঁটা দিয়ে উঠত মৃণাল ফুটত কমল ঝিল।
ডাগর চোখে লাগত তোমার সাগর দীঘির নীল!

নীলপরী কবিতায় দেখি
'ঐ সর্ষে ফুলে লুটানো কার
হলুদ রাঙা উত্তরী'
.....
তার বেতস লতায় লুটায় তনু,
দিগ্বলয়ে ভুরুর ধনু,
সে পাকা ধানের হীরক রেণু
নীল নলিনীর নীলিম-অনু
মেখেছে মুখ বুক ভরি।'
(নীলপরী: ছায়ানট)

এ কাব্যের উল্লেখযোগ্য কবিতা ও-কেজোর গান'। এখানে তিনি পল্লীর মাঠ-ঘাট-লতা-পাতা ও ফুলের সঙ্গে নিজেকে মিশিয়ে দিয়েছেন। 'স্তব্ধ বাদল' এ প্রিয়াকে না পাওয়ার বেদনার সঙ্গে সঙ্গে বৃষ্টি বাদল শেষে শান্ত প্রকৃতির অপূর্ব রূপ তুলে ধরেছেন দক্ষ হাতে। অকৃত্রিম পল্লীপ্রীতি লক্ষ্য করা যায় 'অমর কানন' কবিতায়

'এর দক্ষিণে 'শালী' নদী কুলুকুলু বয়,
তার কুলে কুলে শাল বীথি ফুলে ফুলে ময়,
হেথা ভেসে আসে জল ভরা দক্ষিণা মলয়,

হেথা মহুয়ার মউ খেয়ে মন উচাটন।
.....
মোরা বাতাস করিগো ভেঙে হরিতকি ডাল
শাখায় শাখায় পাখী, গানের মাতন
.....
হেথা ক্ষেতভরা ধান নিয়ে আসে অঘ্রাণ
হেথা প্রাণে ফোটে ফুল হেথা ফলে ফোটে প্রাণ।
(অমর কানন: ছায়ানট)

'ভাঙার গান' কাব্যে 'পূর্ণ অভিনন্দন' কবিতায় পদ্মা-ভাগীরথীর মিলন ক্ষেত্র বাঙলা মায়েরে বুকের দুলাল পূর্ণ চন্দ্র দাস কারা মুক্তি উপলক্ষে অভিনন্দন জানিয়ে এদেশের মা-মাটি, শস্য-শ্যামল-ধন-ধাণ্যে পুষ্পে ভরা জীবনের গান গেয়েছেন।

তাঁর কবিতায় ষড় ঋতুবৈচিত্রের কথা আছে। সর্বহারা কাব্যের 'গোকুল নাগ' কবিতায় হেমন্ত ঋতুর চমৎকার বর্ণনা রয়েছে-

'না ফুরাতে শরতের বিদায় শেফালি,
না নিভিতে আশ্বিনের কমল দীপালি,
তুমি শুনেছিলে বন্ধু পাতা-ঝরা গান
ফুলে ফুলে হেমন্তের বিদায় আহবান।'
(গোকুল নাগ: সর্বহারা)

চট্টগ্রামের প্রাকৃতিক পরিবেশ ও সৌন্দর্যানুভূতি সারাটি জীবন ধরে তাঁকে প্রভাবিত করেছে। 'সিন্ধু হিন্দোল' কাব্যের অধিকাংশ কবিতা সেখানেই রচিত। সেখানকার পাহাড়, বন-জঙ্গল, নদী-সাগর ঘেরা প্রকৃতি তাকে গভীরভাবে আবেগতাড়িত করেছিল। এ কাব্যের 'সিন্ধু', 'গোপন প্রিয়া':, অনামিকা, বাসন্তী, ফাল্গুনী, উন্মনা, রাখী বন্ধন, চাঁদনী রাতে, মাধবী প্রলাপ, প্রভৃতি কবিতায় নানা রূপে, নানা ভাব-ব্যঞ্জনায় প্রকৃতি উপস্থাপিত হয়েছে। সিন্ধু কবিতাটি বাংলা রোমান্টিক গীতি কবিতার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য সংযোজন। বিশাল সমুদ্রঘেরা প্রকৃতিতে তাঁর বিরহতাপিত অশান্ত হৃদয়কে মিশিয়ে দিয়ে তিনি শান্তি পেতে চেয়েছেন।-

হে সিন্ধু, হে বন্ধু মোর, হে চির বিরহী!
হে অতৃপ্ত! রহি! রহি!
কোন বেদনায়
উদ্বেলিয়া ওঠ তুমি কানায় কানায়?'
(সিন্ধু: সিন্ধু হিন্দোল)

'উন্মনা' কবিতায় শীত ঋতুর বর্ণনা

'ঘর -দুয়ার আজ বাউল যেন শীতের উদাস মাঠের মত,
ঝরছে গাছের সবুজ পাতা আমার মনের বনের যত।'
(উন্মনা: সিন্ধু হিন্দোল)

এ কাব্যের 'বাসন্তী' ও 'ফাল্গুনী' কবিতা দুটি বসন্ত ঋতুকে নিয়ে। শরতের বর্ণনা আছে 'রাখী বন্ধন' কবিতায় অপূর্ব ব্যঞ্জনায় মূর্ত হয়ে

'সই পাতালো কি শরতে আজিকে স্নিগ্ধ আকাশ ধরণী?
নীলিমা বাহিয়া সওগত নিয়া নামিছে মেঘের তরণী।'
(রাখী বন্ধন: সিন্ধু হিন্দোল)

'জিঞ্জির' কাব্যের 'অঘ্রাণের সওগাত' কবিতাটিতে হেমন্তে বাংলার সৌন্দর্য ও অপূর্ব দৃশ্যাবলী চমৎকারভাবে বাঙময় হয়ে উঠেছে।

প্রকৃতি বিষয়ক কাব্যগ্রন্থের মধ্যে 'চক্রবাক' সবচেয়ে উল্লেখযোগ্য। এ কাব্যে কবি ব্যক্তিত্ব প্রকৃতির সঙ্গে মিলে মিশে গেছে। 'বাদল রাতের পাখী', 'বাতায়ন পাশে গুবাক তরুর সারী', 'কর্ণফুলী', 'শীতে সিন্ধু', 'পথচারী', 'মিলন মোহনায়', 'বর্ষা বিদায়', 'নদী পারের মেয়ে' প্রভৃতি কবিতায় নজরুলের প্রেম চেতনা ও প্রকৃতি চেতনার শিল্পিত রূপ উপমা প্রয়োগ, অলঙ্কার ব্যবহার, শব্দচয়ন ইত্যাদিতে তাঁর প্রতিভা স্বরূপ উপলব্ধি করা যায়। এ কাব্যের কবিতাগুলি উচাঙ্গের। এখানে মানুষ ও প্রকৃতি মিলেমিশে গেছে।

'মলিন মাটির বন্ধনে বাঁধা হায় অসহায় তরু'
পদতলে ধূলি, উর্ধ্বে তোমার শূণ্য গগন মরু।
দিবসে পুড়িছ রৌদ্রের দাহে, নিশীথে ভিজিছ হিমে,
কাঁদিবারও নাই শক্তি, মৃত্যু আফিমে পড়িছ ঝিমে।'
(বাতায়ন পাশে গুবাক তরুর সারী: চক্রবাক)

নজরুল রচিত অজস্র গানে পল্লী ও প্রকৃতি প্রীতির ছাপ সুস্পষ্ট। তাঁর 'নজরুল গীতিকা', সুর-সাকী, বনগীতি, গানের মালা, বুলবুল প্রভৃতি গানের সংকলনে তিনি গ্রাম বাংলার সাধারণ মানুষের মনের সুখ-দুঃখ আনন্দ বেদনাকে তুলে ধরার পাশাপাশি নদী-নালা-খাল-বিল-পাহাড়-পর্বত-সাগর-পাখি-লতা-ফুল-ফল ইত্যাদিকে স্থান দিয়েছেন।

নজরুলের রচনায় প্রকৃতি তার সমস্ত বাস্তবতা নিয়ে বারবার দেখা দিয়েছে।

তথ্য সূত্র: নজরুল ইন্সটিটিউট পত্রিকা এবং অন্যান্য

নজরুল-নার্গিস ট্রাজেডি

বুলবুল ইসলাম

...কমরেড মুজাফফর আহমদের অমানবিক ভূমিকা এবং সেনগুপ্ত পরিবারের নগ্ন ষড়যন্ত্রের ফলে নজরুল-নার্গিস বিবাহবিচ্ছেদ, নজরুল-নার্গিস ট্রাজেডি সৃষ্টি হয়েছে। নজরুল-নার্গিস নাস্তিক কমিউনিস্ট ঝ ব্রাহ্মণবাদী চক্রান্তের অসহায় শিকার হয়েছিলেন। আর এভাবেই কবি তাঁর 'জন্মজন্মান্তরের তপস্যার ধন' নার্গিসকে দেহের তীরে পেয়েও হারালেন, আমৃত্যু দেহাতীতে নার্গিসকে পাবার দুর্মর সাধনা করে গেলেন। প্রচন্ডশ্রমে সত্যসন্ধি ছিলেন নজরুল, তাই, জীবনপাত করেও শেষ পর্যন্ত উৎসমুখী হন তিনি।

দৌলতপুরে নজরুল, নজরুলের দৌলতপুর, নজরুল-নার্গিসের পরিচয়, প্রনয়, পরিণয় এবং বিচ্ছেদ তাই নিছক একটি ঘটনা বা দুর্ঘটনা নয়। এর শেকড় অনেক গভীরে, এর ব্যাপ্তি গোটা বাংলা সাহিত্যশিল্প সংস্কৃতি এবং বিশেষ করে আমাদের জাতীয় শিল্প সাহিত্য-সংস্কৃতি তথা জাতিসত্তার সুবিশাল চত্বর জুড়ে, তার পরিণাম নজরুল জীবনের শেষ অধ্যায়। নজরুল জ্বলে পুড়ে আমাদের খাঁটি করেছেন, জীবন্মৃত হয়েছেন, জীবন্ত সমাধি লাভ করেছেন নার্গিস। বিরহ যমুনা কবরের দু'তীরে দু'টো পবিত্র জীবনের আত্মাহুতি স্মরণকালের বিশ্বপ্রেমের ইতিহাসকে করেছে বর্ণাঢ্য, প্রোজ্জ্বল, বেদনাদীর্ণ ও মহিমান্বিত।

নজরুলের জীবন ও সৃষ্টিতে নার্গিস তথা দৌলতপুরের প্রভাব অপরিসীম। বস্তুত নার্গিসই নজরুলের প্রেম, ধ্যান, জীবন, সাধনা, প্রিয়া ও পৃথিবী। কবির জীবন, সৃষ্টপৃথিবী, শিল্পমানস এবং চৈতণ্যিক উত্তরণ বিপর্যয় মহিয়সী নার্গিসের সুরভিত ও নন্দিত অধিষ্ঠান এক ঐতিহাসিক মর্যাদায় অভিসিক্ত।

নার্গিস হলেন 'গোমতীর তীরে পাতার কুটিরে' 'কুড়িয়ে পাওয়া হারিয়ে যাওয়া' নজরুলের জীবনের পরশমানিক। কবির 'পাওয়ার বুকে না পাওয়ার তৃষ্ণা জাগানিয়া' নার্গিস নজরুলের মানসসরোবরে ফুটে ওঠা 'অশ্রুবতী' 'পূজারিনী' এবং সর্বোপরি 'চিরশুদ্ধা তাপস কুমারী।'

